তৃতীয় বিশ্বযুদ্ধ : মাহ্‌দি ও দাজ্জাল

মূল

মাওলানা আসেম ওমর

প্রখ্যাত আলেমে দীন, পাকিস্তান

অনুবাদ

মাওলানা মুহাম্মাদ মুহিউদ্দীন

দাওরায়ে হাদীছ (১৯৯০)

মাদরাসা-ই নূরিয়া, কামরাঙ্গীরচর, ঢাকা

সাবেক ওস্তাদ, জামেয়া রশীদিয়া ঢাকা

প্রাক্তন সহ-সম্পাদক, মাসিক রহমত

নূরমণি প্রকাশন

দোকান নং- ৪৩, ইসলামী টাওয়ার (১ম তলা)

১১/১, বাংলাবাজার, ঢাকা। মোবাইল : ০১৭১৭১৭৮৮১৯

দ্বিতীয় পর্ব

দাজ্জালের বর্ণনা

দাজ্জালের আলোচনা উম্মতের জন্য একটি অতিশয় গুরুত্বপূর্ণ বিষয়। আপনারা দেখে থাকবেন, মুসলিম পরিবারগুলোতে মায়েরা যখন তাদের সন্তানদেরকে অন্যান্য ইসলামি আকিদা ও বুনিয়াদি শিক্ষা সম্পর্কে জ্ঞানদান করেন, তখন দাজ্জাল-বিষয়েও ধারণা দেওয়ার চেষ্টা করেন। আপনি যখন ছোট ছিলেন, তখন শৈশবেই আপনার মায়ের জবানে আপনাকে দাজ্জালের ভয়ানক চিত্র আপনার কচি মাথায় ঢুকিয়ে দেওয়া হয়ে থাকবে। এটি মুসলিম জাতির মায়েদের সেই প্রশিক্ষণ ছিল, যা সন্তাদেরকে ইসলামি বোধ-বিশ্বাস থেকে বিচ্যুত হতে দিত না। কিন্তু এখন সম্ভবত অবস্থা পালটে যাচ্ছে এবং জাহেলি সভ্যতা আজকের মাদেরকে এই গুরুত্বপূর্ণ জিম্মাদারি থেকে অনেক উদাসীন করে দিয়েছে। তা ছাড়া দাজ্জালের আবির্ভাবের যতগুলো লক্ষণ আছে, তার একটি লক্ষণ হলো, সে-সময় মানুষ দাজ্জালের আলোচনা ভুলে যাবে। কাজেই আপনি যদি নিজেকে ও পরিবারের সদস্যদেরকে দাজ্জালের ফেতনা থেকে রক্ষা করার ইচ্ছা রাখেন, তা হলে এর জন্য ঘরে-ঘরে দাজ্জালের আলোচনা অত্যন্ত জরুরি. যাতে আপনার কোলে বেড়ে-ওঠা-বংশধর তাদের জীবনের সবচেয়ে বড় শত্রু দাজ্জাল সম্পর্কে শৈশব থেকেই সম্যক ধারণা অর্জন করতে পারে।

দাজ্জাল সম্পর্কে ইহুদিদের দৃষ্টিভঙ্গি

দাজ্জাল-বিষয়ক হাদীছগুলো বর্ণনা করার আগে দাজ্জাল সম্পর্কে ইহুদিদের দৃষ্টিভঙ্গি ও তাদের ধর্মীয় (বর্তমানে বিকৃত) গ্রন্থগুলোতে বিবৃত ভবিষ্যদ্বাণী সম্পর্কে পাঠকদের ধারণা দেওয়া আবশ্যক মনে করি। তাতে বর্তমানে আমেরিকা ও অন্যান্য কাফের গোষ্ঠী ইহুদিদের ইঙ্গিতে যা-কিছু করছে, তার প্রেক্ষাপট ও প্রকৃত উদ্দেশ্য বুঝে আসবে।

দাজ্জাল সম্পর্কে ইহুদিদের দৃষ্টিভঙ্গি হলো, সে ইহুদিদের সম্রাট হবে। সকল ইহুদিকে বাইতুল মুকাদ্দাসে আবাদ করবে। সমগ্র বিশ্বের উপর ইহুদিদের রাজত্ব প্রতিষ্ঠিত করবে। পৃথিবীতে ইহুদিদের জন্য কোনো শঙ্কা অবশিষ্ট থাকবে না। সকল 'সন্ত্রাসবাদী'কে নির্মূল করে ফেলবে এবং সর্বত্র শান্তি, নিরাপত্তা ও সুবিচারের রাজত্ব প্রতিষ্ঠিত হয়ে যাবে।

তাদের ধর্মীয় গ্রন্থ ইযাখিলে আছে :

'হে ইহুদীকন্যা, তুমি আনন্দের সঙ্গে চিৎকার দাও। ওহে জেরুজালেমের কন্যা, তুমি খুশিতে বাগবাগ হয়ে যাও। ওই দেখো, তোমাদের রাজা আসছেন। তিনি ন্যায়পরায়ণ। তিনি গাধার পিঠে আরোহণ করে আসছেন। আমি ইউফ্রিম থেকে গাড়িকে আর জেরুজালেম থেকে ঘোড়াকে আলাদা করে ফেলব। যুদ্ধের পালক উপড়ে ফেলা হবে। তার শাসন সমুদ্র থেকে জমিন পর্যন্ত বিস্তৃত হবে।' (যাকারিয়া : ৯ : ৯ : ১০)

'অনুরূপভাবে আমি ইসরাইলের প্রতিটি সম্প্রদায়কে সমগ্র পৃথিবী থেকে এনে একত্রিত করব, চাই তারা যেখানেই বসতি স্থাপন করুক। আমি তাদেরকে তাদেরই ভূখণ্ডে সমবেত করব। এই ভূখণ্ডে আমি তাদেরকে এক জাতির আকারে গড়ে তুলব ইসরাইলের পাহাড়ের উপর, যেখানে একজনমাত্র রাজা তাদের উপর রাজত্ব করবেন।' (ইযাখিল : ৩৭ : ২১ : ২২)

প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট রিগ্যান ১৯৮৩ সালে 'আমেরিকান-ইসরাইল পাবলিক এফেয়ার্জ' কমিটির (এ.আই.পি.এ.সি) টমডাইনের সঙ্গে কথা বলতে গিয়ে বলেছিলেন, 'আপনি জানেন, আমি আপনার পুরাতন পয়গম্বরদের থেকে সমর্থন প্রত্যাহার করে নিচ্ছি, প্রাচীন ধর্মীয় গ্রন্থগুলোতে যাদের উল্লেখ বিদ্যমান রয়েছে। আর আর্মেগডন (তেলাবিব থেকে ৫৫ মাইল উত্তরে এবং তাবরিয়া উপসাগর ও ভূমধ্যসাগরের মাঝামাঝি স্থানে অবস্থিত একটি অঞ্চল) সম্পর্কে একাধিক ভবিষ্যদ্বাণী আছে এবং লক্ষণও বিদ্যমান। আমি ভেবে বিস্মিত হচ্ছি যে, আমরাই কি সেই প্রজন্ম, যারা অনাগত পরিস্থিতিকে অবলোকনের জন্য বেঁচে আছি? আপনি বিশ্বাস করুন, এসব ভবিষ্যদ্বাণী সুনিশ্চিতভাবে সেই যুগটিরই কথা বলছে, আমরা যেটি অতিবাহিত করছি।'

প্রেসিডেন্ট রিগ্যান ১৯৮১ সালে চার্চের জেম বেকারের সঙ্গে আলাপ প্রসঙ্গে বলেছিলেন, 'আপনি একটু চিন্তা করুন, কমপক্ষে বিশ কোটি সৈনিক আসবে প্রাচ্য থেকে। আর পশ্চিমাদের সৈন্যসংখ্যা হবে কয়েক কোটি। রোমান সাম্রাজ্যের পুনর্গঠনের পর (অর্থাৎ পাশ্চাত্য ইউরোপ) ঈসা মাসীহ (দাজ্জাল) পুনরায় সেই লোকগুলোর উপর আক্রমণ চালাবে, যারা তাদের নগরী জেরুজালেমকে ধ্বংস করেছিল। তারপর তিনি সেই বাহিনীগুলোর উপর আক্রমণ চালাবেন, যারা মেগডন ও আর্মেগডনের উপত্যকায় সমবেত হবে। এতে কোনো সন্দেহ নেই যে, জেরুজালেম পর্যন্ত এত রক্ত প্রবাহিত হবে যে, রক্ত ঘোড়ার লাগামের সমান হয়ে যাবে। এসব উপত্যকা যুদ্ধসরঞ্জাম, জীবজন্তু, মানুষের জীবন্ত দেহ ও রক্তে ভরে যাবে।'

পল ফান্ড লে বলেছেন, একটি বিষয় আমার বুঝে আসছে না যে, মানুষ মানুষের সঙ্গে এমন অমানবিক আচরণ কীভাবে করবে! কিন্তু সেদিন খোদা মানবীয় স্বভাবকে এই অনুমতি দিয়ে দেবেন যে, তোমরা তোমাদেরকে পুরোপুরি প্রকাশ করে দাও। বিশ্বের উন্নত সবকটি শহর– লন্ডন, প্যারিস, টোকিও, নিউইয়র্ক, লস্‌এঞ্জেল্‌স ও শিকাগো অস্তিত্বের পাতা থেকে মুছে যাবে।'

টিভি বিশেষজ্ঞ হিস্টন বলেছেন, 'বিশ্বের ভাগ্য সম্পর্কে মাসীহে দাজ্জালের ঘোষণা একটি আন্তর্জাতিক প্রেস কনফারেন্স থেকে প্রচার করা হবে। উক্ত কনফারেন্স স্যাটেলাইটের মাধ্যমে টিভির পর্দায় দেখা যাবে।'

প্রাক্তন মার্কিন সিনেটর মার্ক হেটফিল্ড বলেছেন, পবিত্র ভূমিতে ইহুদিদের পুনরাগমনকে আমি এই দৃষ্টিকোণ থেকে দেখছি যে, এটি মাসীহ (দাজ্জাল) যুগের আগমনের লক্ষণ, যে-যুগে গোটা মানবতা একটি আদর্শ সমাজের কল্যাণে সুখময় জীবন লাভ করবে।

'ফোর্সিং গর্ডস হ্যান্ডস' নামক গ্রন্থের লেখিকা গ্রেস হল গেল বলেছেন, '...আমাদের গাইড কুব্বাতুস-সাখ্‌রার (টুম্ স্টোন) প্রতি ইঙ্গিত করে বলল, আমাদের তৃতীয় হাইকেলটি আমরা ওখানে নির্মাণ করব। হাইকেল নির্মাণে আমাদের সকল পরিকল্পনা প্রস্তুত আছে। নির্মাণসামগ্রী পর্যন্ত এসে পড়েছে। সেগুলো একটি গোপন স্থানে রাখা হয়েছে। বহুসংখ্যক প্রতিষ্ঠান – যেগুলোতে ইসরাইলি কাজ চলছে – হাইকেলের জন্য দুর্লভসব জিনিসপত্র তৈরি করছে। একটি ইসরাইলি প্রতিষ্ঠান রেশমের সুতা তৈরি করছে। সেগুলো দিয়ে ইহুদি পণ্ডিতদের পোশাক প্রস্তুত করা হবে। (হতে পারে এগুলোই সেই তীজান বা সীজানওয়ালা চাদর, যার উল্লেখ হাদীছে এসেছে)।

লেখিকা আরও লিখেছেন, 'আমাদের গাইড বলল, একথা ঠিক যে, আমরা শেষ সময়ের কাছাকাছি চলে এসেছি, যেমনটি আমি বলেছিলাম যে, কট্টর ইহুদিরা মসজিদটিকে বোমা মেরে উড়িয়ে দেবে, যার ফলে মুসলিম বিশ্ব আতঙ্কিত হয়ে উঠবে। এটি হবে ইসরাঈলের সঙ্গে একটি পবিত্র যুদ্ধ। এ-বিষয়টি মধ্যখানে এসে হস্তক্ষেপ করতে মাসীহকে (দাজ্জাল) বাধ্য করবে।'

১৯৯৮ সালের শেষের দিকে একটি ইসরাইলি সংবাদপত্রের ওয়েবসাইটে হাইকেলে সুলাইমানির চিত্র দেখানো হয়েছিল। তাতে বলা হয়েছিল, এর উদ্দেশ্য হলো, মুসলমানদের উপাসনালয়গুলোকে মুক্ত করা এবং তদ্‌সম্মুখে হাইকেল নির্মাণ করা। সংবাদত্রে বলা হয়েছিল, এই হাইকেল নির্মাণের মোক্ষম সময়টি এসে পড়েছে। সংবাদপত্রে ইসরাইলি সরকারের কাছে দাবি জানানো হয়েছিল, তারা যেন অধর্মীয় ইসলামি দখলদারিত্বকে মসজিদের স্থান থেকে অপসারণ করে। পত্রিকাটি আরও দাবি করেছে, তৃতীয় হাইকেল নির্মাণ খুবই সন্নিকটে।

গ্রেস হল সেন আরও লিখেছেন, 'আমি লেন্ডা ও ব্রাউনের (ইহুদির) আবাসভূমিতে (ইসরাইলে) অবস্থান করি। একদিন সন্ধ্যায় আলাপকালে বললাম, উপাসনালয় নির্মাণের জন্য মসজিদে আকসা ধ্বংস করে দিলে একটি ভয়াবহ যুদ্ধ শুরু হয়ে যেতে পারে। উত্তরে সঙ্গে-সঙ্গে উক্ত ইহুদি বলল, আপনার আশঙ্কা যথার্থ। এমন যুদ্ধই তো আমরা কামনা করি। কারণ, সেই যুদ্ধে আমরা জয়ী হব। তারপর আমরা সমস্ত আরবকে ইসরাইলের মাটি থেকে তাড়িয়ে দেব। আর তখনই আমরা আমাদের উপাসনালয়টিকে নতুনভাবে নির্মাণ করব।'

ইলহামের কিতাবের ষোলোতম তথ্যে আছে, ফোরাত নদী শুকিয়ে যাবে। এভাবে প্রাচ্যের সম্রাটগণ অনুমতি পেয়ে যাবে যে, এই নদী পার হয়ে তোমরা ইসরাইল পৌঁছে যাও।

মার্কিন প্রেসিডেন্ট নিক্‌সন তাঁর 'ভিক্টরি উইদাউট ওয়ার' নামক গ্রন্থে লিখেছেন, ১৯৯৯ সাল পর্যন্ত আমেরিকা সমগ্র বিশ্বের শাসকে পরিণত হবে এবং এই বিজয় তারা যুদ্ধ ছাড়াই অর্জন করবে। তারপর মাসীহ (দাজ্জাল) নেতৃত্বের দায়িত্ব গ্রহণ করে নেবেন। যেন উল্লেখিত সন পর্যন্ত মাসীহর সকল আয়োজন সম্পন্ন হয়ে যাবে আর আমেরিকার দায়িত্ব এসব ব্যবস্থাপনাকে সম্পন্ন করা পর্যন্ত । তারপর মাসীহ রাজ্য পরিচালনা করবে।

লাখ-লাখ মৌলবাদী খ্রিস্টানের বিশ্বাস হলো, খোদা ও ইবলিসের মধ্যকার সর্বশেষ যুদ্ধটি তাদের জীবদ্দশাতেই শুরু হবে। তবে তাদের অধিকাংশের কামনা হলো, এই যুদ্ধ শুরু হওয়ার আগেই তাদেরকে তুলে নিয়ে জান্নাতে পৌঁছিয়ে দেওয়া হোক। খ্রিস্টান মৌলবাদীরা সামরিক প্রস্তুতিতে এত সোৎসাহ সহযোগিতা কেন করছে, এই দৃষ্টিভঙ্গি থেকেই তার রহস্য উদ্‌ঘাটিত হয়ে যাচ্ছে। এই পলিসি দ্বারা তারা দুটি লক্ষ্য অর্জন করছে। প্রথমত, তারা আমেরিকানদেরকে তাদের ঐতিহাসিক ভিত্তির সঙ্গে সম্পৃক্ত করে দিচ্ছে। দ্বিতীয়ত, তাদেরকে সেই যুদ্ধের জন্য প্রস্তুত করছে, যেটি ভবিষ্যতে সংঘটিত হবে এবং যার ভবিষ্যদ্বাণী করা হয়েছে। বাইবেলে বিশ্বাসী লাখ-লাখ ক্রিশ্চান নিজেদেরকে এত জোরালোভাবে 'দাউদি' তথা টেকসাসের প্রাচীন অধিবাসীদের সঙ্গে কেন সম্পৃক্ত করছে, এর দ্বারা তার রহস্যও স্পষ্ট হয়ে যাচ্ছে। ভিসন থমাস তার এক গ্রন্থে লিখেছেন, 'আরব বিশ্ব খ্রিস্টানদের একটি শত্রুজগত।'

খ্রিস্টানরাও কোনো একজন মুক্তিদাতার অপেক্ষায় অপেক্ষমাণ। আর ইহুদিরা এক্ষেত্রে বেশি বিচলিত। ১৯৪৮ সালে ইসরাইল প্রতিষ্ঠা এবং ১৯৬৭ সালে বাইতুল মুকাদ্দাস দখলের আগে ইহুদিরা দু'আ করত, হে খোদা, এ-বছরটি আমাদেরকে জেরুজালেমে থাকতে দাও। আর এখন তারা প্রার্থনা করছে, হে খোদা, আমাদের মাসীহ যেন শীঘ্র এসে পড়েন।

মোটকথা, যেসব ভবিষ্যদ্বাণী ঈসা ইবনে মারয়াম সম্পর্কে বর্ণিত আছে, ইহুদিরা সেগুলোকে দাজ্জালের জন্য প্রমাণ করতে চায়। এক্ষেত্রে তারা খ্রিস্টানদেরকেও ধোঁকা দিচ্ছে যে, আমরা প্রতিশ্রুত মাসীহর অপেক্ষা করছি আর মুসলমানরা হলো মাসীহ'র বিরোধী। অথচ বাস্তবতা তার বিপরীত। মুসলমান ও খ্রিস্টান ঈসা ইবনে মারয়াম-এর অপেক্ষায় অপেক্ষমাণ। পক্ষান্তরে ইহুদিরা যার অপেক্ষা করছে, সে হলো দাজ্জাল, ঈসা ইবনে মারয়াম যাকে হত্যা করবেন। কাজেই বর্তমান পরিস্থিতিতে খ্রিস্টানদের উচিত ছিল মুসলমানদের সঙ্গ দেওয়া – ইহুদিদের নয়। কেননা, ইহুদিরা তাদের পুরনো শত্রু।

নবুওতের দাবিদার মিথ্যাবাদী বুশ

এখানে আমি ঈমানদারদের খেদমতে আল্লাহর শত্রুদের প্রত্যয়-পরিকল্পনা সম্পর্কে কিছু আলোচনা করতে চাই, যাতে তারা বুঝতে সক্ষম হয় যে, যে-যুদ্ধটিকে তারা কোনোই গুরুত্ব দিচ্ছে না এবং যাকে 'রাজনীতি' নাম দিয়ে নিজের আঁচল বাঁচানোর চেষ্টা করছে, কাফেরবিশ্ব সেই যুদ্ধটিকে কোন চোখে দেখছে। প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডাব্লিউ বুশ ইরাক আক্রমণের আগে বলেছিলেন, এই যুদ্ধের পর তাদের প্রতিশ্রুত মাসীহ (অর্থাৎ দাজ্জাল) আবির্ভূত হবেন। এরপর বুশ ইসরাইল সফর করেন। মস্কো টাইম্‌স-এর রিপোর্ট অনুযায়ী এই সফরের সময় এক বৈঠকে – যেখানে ফিলিস্তিনের সাবেক প্রধানমন্ত্রী মাহমুদ আব্বাস ও হামাস নেতাও উপস্থিত ছিলেন – বলেছেন, 'বর্তমান পদক্ষেপে আমি সরাসরি খোদা থেকে শক্তি অর্জন করেছি। খোদা আমাকে আদেশ করেছেন, আলকায়েদার উপর আঘাত হানো। সেজন্য আমি তার উপর আঘাত হেনেছি। তারপর তিনি আদেশ করেছেন, সাদ্দামের উপর আক্রমণ করো। ফলে আমি সাদ্দামের উপর আক্রমণ চালিয়েছি। এখন আমার দৃঢ় প্রতিজ্ঞা হলো, আমি মধ্যপ্রাচ্যের সমস্যার সমাধান করব। তোমরা (ইহুদিরা) যদি আমাকে সহায়তা দাও, তাহলে আমি সম্মুখে অগ্রসর হব। অন্যথায় আমি আসন্ন নির্বাচনের প্রতি মনোযোগী হতে চাই।'

বুশের এই বক্তব্য প্রতিজন সেই ঈমানদারের চোখগুলোকে খুলে দেওয়ার জন্য যথেষ্ট, যারা বিশ্বময় চলমান জিহাদগুলোকে বিভিন্ন অভিধায় ভূষিত করে বদনাম করছে কিংবা নিজেকে সেগুলো থেকে সম্পর্কহীন করে রেখেছে।

বুশ প্রায়ই নিজেকে নবী বলে দাবি করে থাকেন। তিনি বলেন, 'আই এম ম্যাসেঞ্জার অফ গড' – আমি খোদার পয়গম্বর। বুশের খোদা ইবলিস বা দাজ্জাল, যে তাকে সরাসরি আদেশ-নির্দেশনা দিয়ে থাকে। পবিত্র কুরআনে আল্লাহ বলেছেন, 'নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদেরকে আদেশ করে থাকে।' আর বুশ এ-যুগে জগতের সবচেয়ে বড় মিথ্যাবাদী।

'ফ্রি থট টুডে'-এর সম্পাদকের মত, 'প্রেসিডেন্ট বুশের মতো ধর্মীয় প্রেসিডেন্ট আমি এর আগে কখনও দেখিনি। তিনি একটি ধর্মীয় মিশন নিয়ে কাজ করছেন। আপনি ধর্মকে তার সমরনীতি থেকে পৃথক করতে পারবেন না।'

বুশের সমালোচকরা যখন প্রশ্ন তুলল, এই যুদ্ধে আপনি খোদাকে টেনে এনেছেন কেন? তখন তিনি উত্তর দিয়েছিলেন, সন্ত্রাসবাদের এই যুদ্ধে খোদা নিরপেক্ষ নন।'

ডেভিড ফ্রম তার 'দি রাইন ম্যান' নামক বইতে লিখেছেন, 'এই যুদ্ধ বুশকে একজন পাকা ক্রুসেডার বানিয়ে দিয়েছে।'

বুশের এই অবস্থা ১১ সেপ্টেম্বরের কর্মফল নয়। বরং আগে থেকেই তিনি একজন ধর্ম-উন্মাদ। তিনি যখন টেকসাসের গভর্নর ছিলেন, তখন বলেছিলেন, 'আমি যদি ভাগ্যলিপির উপর – যা সকল মানবীয় পরিকল্পনাকেও একধারে সরিয়ে দেয় – বিশ্বাস না রাখতাম, তাহলে আমি কোনোদিনও গভর্নর হতে পারতাম না।'

বুশকে নিয়ে যারা লিখেছেন, তাদের মন্তব্য হলো, তার প্রতিটি বক্তব্য ও প্রতিটি সাক্ষাৎকার দ্বারা স্পষ্ট হয়ে যাচ্ছে, তিনি মনে করছেন, তিনি একটি 'ম্যাসিনিক মিশন' (দাজ্জালি মিশন) নিয়ে কাজ করছেন। বলা বাহুল্য যে, খ্রিস্টানরা হযরত ঈসা (আ.)-এর অপেক্ষা করছে আর ইহুদিরা ঈসার পরিবর্তে মাসীহ-এর তথা দাজ্জালের অপেক্ষা করছে। সেজন্য বুশও ইহুদিদের নিমকের হক আদায় করণার্থে 'আমি ঈসায়ী মিশনের উপর প্রতিষ্ঠিত' বলার পরিবর্তে বলছেন 'আমি মসীহর মিশনের উপর প্রতিষ্ঠিত'। শব্দের এহেন হেরফের করে বুশ সকল খ্রিস্টানকে ধোঁকা দিচ্ছেন।

দাজ্জালের ফেতনা হাদীছের আলোকে

দাজ্জালের ফেতনা কতটা ভয়াবহ একটি বিষয় দ্বারাই তার অনুমান করা যায় যে, স্বয়ং নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই ফেতনা থেকে আশ্রয় প্রার্থনা করতেন এবং তিনি যখন সাহাবাগণের সম্মুখে এই ফেতনার আলোচনা করতেন, তখন তাদের মুখে ভয়ের প্রতিক্রিয়া প্রকাশ পেত। প্রশ্ন হলো, দাজ্জালের ফেতনায় সেই বিষয়টি কোনটি, যেটি সাহাবা কিরামকে সন্ত্রস্ত করে তুলেছিল? সেটি কি ভয়াবহ যুদ্ধ, নাকি মৃত্যু? কিন্তু সাহাবা কিরাম (রাযি.) তো এ-বিষয়গুলোকে ভয় পাওয়ার মতো মানুষ ছিলেন না। সেই বিষয়টি হলো, দাজ্জালের ধোঁকা ও প্রতারণা যে, সে সময়টি এত ভয়াবহ হবে যে, বাস্তব অবস্থাটা আসলে কী তা বোঝা-ই সম্ভব হবে না। মানুষকে বিভ্রান্তকারী নেতার ছড়াছড়ি থাকবে। অপপ্রচারের অবস্থা এই হবে যে, মুহূর্তমধ্যে সত্যকে মিথ্যা ও মিথ্যাকে সত্য বানিয়ে পৃথিবীর কোনায়-কোনায় পৌঁছিয়ে দেওয়া হবে। মানবতার শত্রুকে মুক্তিদাতা আর মুক্তিদাতাকে সন্ত্রাসী আখ্যায়িত করা হবে।

এ-কারণেই নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাজ্জালের ফেতনাকে খোলাখুলি বর্ণনা করেছেন। তার গঠন, আকৃতি ও আত্মপ্রকাশের স্থান পর্যন্ত বর্ণনা করেছেন। কিন্তু দুঃখের বিষয় হলো, সাধারণ মানুষ তো বটে; বিশিষ্ট ব্যক্তিরাও এই ফেতনার আলোচনা একদম ছেড়ে দিয়েছে। অথচ, নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বারবার এই ফেতনার আলোচনা করে বলেছেন, আমি বিষয়টি তোমাদেরকে বারবার এইজন্য বর্ণনা করছি, যাতে তোমরা বিষয়টি ভুলে না যাও। তোমরা বিষয়টি উপলব্ধি করো, তাতে চিন্তা-গবেষণা করো এবং অন্যদের কানে পৌঁছিয়ে দাও।

দাজ্জালের আগে পৃথিবীর অবস্থা

عَنْ أَنَسِ ابْنِ مَالِكٍ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ أَمَامَ الدَّجَّالِ سِنِيْنَ خَدَّاعَةٌ يُكَذَّبُ فِيْهَا الصَّادِقُ وَيُصَدَّقُ فِيْهَا الْكَاذِبُ وَيُؤْتَمَنُ فِيْهَا الْخَائِنُ وَيُخَوَّنُ فِيْهَا الْأَمِيْنُ وَيَتَكَلَّمُ الرُّوَيْبِضَةُ مِنَ النَّاسِ قِيْلَ وَمَا الرُّوَيْبِضَةُ قَالَ الْفُوَيْسِقُ يَتَكَلَّمُ فِيْ أَمْرِ الْعَامَّةِ

হযরত আনাস (রাযি.) বর্ণনা করেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'দাজ্জালের আবির্ভাবের আগের কয়েকটি বছর হবে প্রতারণার বছর। এ-সময়টিতে সত্যবাদীকে মিথ্যাবাদী আর মিথ্যাবাদীকে সত্যবাদী আখ্যায়িত করা হবে। দুর্নীতিবাজকে আমানতদার আর আমানতদারকে দুর্নীতিবাজ মনে করা হবে। আর মানুষের মধ্যে থেকে 'রুআইবিজা'রা কথা বলবে।' জিজ্ঞাসা করা হলো, 'রুআইবিজা' কী জিনিস? নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, 'অপরাধপ্রবণ লোকেরা জনসাধারণের বিষয়-আশয় নিয়ে কথা বলবে।'[১]

হাদীছটি বর্তমান যুগের জন্য কতখানি উপযোগী, তা বলার অপেক্ষা রাখে না। তথাকথিত 'সভ্যজগত'-এর বিবৃত মিথ্যাকে কত 'শিক্ষিত' মানুষও সত্য বলে মেনে নিয়েছে। সেই মিথ্যার ফিরিস্তি এতই ব্যাপক ও বিস্তৃত যে, যদি তা কাগজে লিপিবদ্ধ করা হয়, তাহলে লেখকের জীবন শেষ হয়ে যাবে, কিন্তু মিথ্যার তালিকা শেষ হবে না। আর কত সত্য এমন আছে, যার গায়ে 'ইনসাফপ্রিয়' পশ্চিমা মিডিয়া তাদের প্রতারণার এমন কলঙ্ক লেপে দিয়েছে যে, জীবন ক্ষয় করে পরিষ্কার করলেও তা বিমোচিত হবে না।

এই হাদীছে একটি শব্দ আছে 'খাদাআ'। শব্দটির একটি অর্থ বৃষ্টি বেশি হওয়া। ইবনে মাজার ব্যাখ্যায় এর বিশ্লেষণ করা হয়েছে, 'এই বছরগুলোতে বৃষ্টি

---

১. *মুসনানে আহমাদ ॥ হাদীছ নং ১৩৩২; মুসনানে আবী ইয়া'লা ॥ হাদীছ নং ৩৭১৫; আসসুনানুল ওয়ারিদাতু ফিল ফিতান*

বেশি হবে; কিন্তু ফসলের উৎপাদন কম হবে। এই বছরগুলোর জন্য এটি হলো একটি ধোঁকা।'

عَنْ عُمَيْرِ بْنِ هَانِئٍ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صَارَ النَّاسُ فِيْ فُسْطَاطَيْنِ فُسْطَاطِ إِيْمَانٍ لَا نِفَاقَ فِيْهِ فُسْطَاطِ نِفَاقٍ لَا إِيْمَانَ فِيْهِ فَإِذَا كَانَ ذَاكُمْ فَانْتَظِرُوا الدَّجَّالَ مِنْ يَوْمِهِ أَوْ مِنْ غَدِهِ

উমাইর ইবনে হানী থেকে বর্ণিত, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'একটি সময় আসবে, যখন মানুষ দুটি তাঁবুতে (দলে) বিভক্ত হয়ে যাবে। একটি তাঁবু হবে ঈমানের, যেখানে কোনো নিফাক (কপটতা) থাকবে না। অপর তাঁবুটি হবে নিফাকের, যেখানে কোনো ঈমান থাকবে না। যখন এমন পরিস্থিতি তৈরি হয়ে যাবে, তখন সেদিন থেকে বা তার পরদিন থেকে দাজ্জালের অপেক্ষা করো।'[২]

আল্লাহপাকের হেকমত অনেক সূক্ষ্ম। তিনি যাকে দ্বারা ইচ্ছা হয় কাজ নিয়ে নেন। মুসলমানরা নিজেরা তো এই উভয় (মুমিনওয়ালা ও মুনাফিকওয়ালা) তাঁবু তৈরি করে নিতে পারে না। তাই আল্লাহ এক কাফের নেতার মাধ্যমে কাজটি করিয়ে নিয়েছেন। ইহুদি মতাদর্শের সেবক সাবেক প্রেসিডেন্ট বুশ ঘোষণা করেছিলেন, কে আমাদের তাঁবুতে আর কে ঈমানওয়ালাদের তাঁবুতে থাকতে চাও?

বিপুলসংখ্যক মানুষ এই দুই তাঁবুতে ঢুকে পড়েছে। এখনও কিছু অবশিষ্ট আছে। আল্লাহর এই কাজটিও পরিপূর্ণ করে দেবেন এবং অবশ্যই করবেন। তাতে পুরোপুরি স্পষ্ট হয়ে যাবে, কে ঈমানওয়ালা আর কার অন্তরে ঈমানওয়ালাদের তুলনায় আল্লাহর শত্রুদের প্রতি বেশি ভালবাসা লুকিয়ে আছে। তাই প্রত্যেকে নিজের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা দরকার যে, আমি কোন তাঁবুতে আছি কিংবা আমার সফর কোন তাঁবুর দিকে। নীরব দর্শণার্থীদের না ইবলিস ও তার দলভুক্তদের প্রয়োজন আছে, না আল্লাহর তাদের সঙ্গে কোনো সম্পর্ক আছে। এই যুদ্ধ সিদ্ধান্তমূলক লড়াই। কাজেই প্রত্যেককে কোনো-না-কোনো একটি পক্ষ অবলম্বন করতেই হবে।

এটি এমন একটি সময়, যখন প্রতিজন ব্যক্তি, প্রতিটি সংগঠন, প্রতিটি দল সেদিকে ঝুঁকে যাবে, যার সঙ্গে তার হৃদ্যতা ও আন্তরিকতা থাকবে।

পবিত্র কুরআনে আল্লাহপাক বলেছেন :

أَمْ حَسِبَ الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَرَضٌ أَنْ لَّنْ يُّخْرِجَ اللهُ أَضْغَانَهُمْ

২. *সুনানে আবী দাউদ ॥ খণ্ড : ৪, পৃষ্ঠা : ৯৪; মুসতাদরাকে হাকেম ॥ খণ্ড : ৪, পৃষ্ঠা : ৫১৩*

'যাদের অন্তরে ব্যাধি আছে, তারা কি ভেবে বসেছে যে, আল্লাহ তাদের বিদ্বেষভাব প্রকাশ করে দেবেন না?'[৩]

প্রতিটি দেশ ইহুদিদের দ্বারা পরিচালিত ইহুদি স্বার্থের অনুকূলে একাট্টা হয়ে যাবে এবং বহু সংগঠন একটি অপরটির সঙ্গে মিশে যাবে। যেসব সংগঠনের বাগডোর ইহুদিদের হাতে, তারা ঐক্যবদ্ধভাবে ইহুদি মিশন বাস্তবায়নে সক্রিয় হয়ে উঠবে এবং ইহুদি ধর্মনেতাদের মুখ থেকে যে-আওয়াজ উত্থিত হবে, উক্ত সংগঠন, প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের মুখ থেকেও একই ধ্বনি উচ্চারিত হবে।

عَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ كُنْتُ فِي الْحَطِيْمِ مَعَ حُذَيْفَةَ فَذَكَرَ حَدِيْثًا ثُمَّ قَالَ لَتُنْقَضَنَّ عُرَى الْإِسْلَامِ عُرْوَةً عُرْوَةً وَلَيَكُوْنَنَّ أَئِمَّةٌ مُضِلُّوْنَ وَلَيَخْرُجَنَّ عَلَى أَثَرِ ذَالِكَ الدَّجَّالُوْنَ الثَّلَاثَةُ قُلْتُ يَا أَبَا عَبْدِ اللهِ قَدْ سَمِعْتَ هٰذَا الَّذِيْ تَقُوْلُ مِنْ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ نَعَمْ سَمِعْتُهُ وَسَمِعْتُهُ يَقُوْلُ يَخْرُجُ الدَّجَّالُ مِنْ يَهُوْدِيَّةِ أَصْفَهَانَ

হযরত আবদুল্লাহ ইবনে ওমর (রাযি.) সম্পর্কে বর্ণিত আছে, তিনি বলেছেন, একদিন আমি হুযায়ফার সঙ্গে হাতীমে ছিলাম। সে-সময় তিনি একটি হাদীছ বর্ণনা করলেন। পরে বললেন, ইসলামের আংটাগুলো একটি-একটি করে ভেঙে যাবে আর বহু বিভ্রান্তকারী নেতার আবির্ভাব ঘটবে। তার পরপরই তিনজন দাজ্জাল আবির্ভূত হবে। আমি বললাম, হে আবু আবদুল্লাহ, এই কথাগুলো আপনি আল্লাহর রাসূর থেকে শুনেছেন কি? তিনি বললেন, হ্যাঁ, আমি এই কথাগুলো আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মুখ থেকে শুনেছি। আর আমি তাঁকে একথাও বলতে শুনেছি যে, দাজ্জাল ইস্‌ফাহানের ইহুদিয়া নামক অঞ্চল থেকে আত্মপ্রকাশ করবে।[৪]

এই বর্ণনাটি অনেক দীর্ঘ, যার অংশবিশেষ এই– তিনটি আর্তনাদ উত্থিত হবে, যা পৃথিবীর পূর্ব ও পশ্চিমের সবাই শুনতে পারে...। হে আবদুল্লাহ, যখন তুমি দাজ্জালের সংবাদ শুনবে, তখন পালিয়ে যেয়ো।' হযরত আবদুল্লাহ ইবনে ওমর (রাযি.) বলেন, আমি হুযায়ফাকে জিজ্ঞেস করলাম, আমরা যাদেরকে পেছনে রেখে যাব, তাদের হেফাজত কীভাবে করব? হযরত হুযায়ফা (রাযি.) বললেন, তাদেরকে আদেশ করে যাবেন, যেন তারা পাহাড়ের চূড়ায় চলে যায়। হযরত আবদুল্লাহ (রাযি.) বলেন, আমি জিজ্ঞেস করলাম, তারা যদি সবকিছু ত্যাগ করে যেতে না পারে? বললেন, তাদেরকে আদেশ করে যাবেন, যেন তারা সব সময় ঘরেই থাকে। হযরত আবদুল্লাহ ইবনে ওমর (রাযি.) বলেন, আমি বললাম, যদি

৩. *সূরা মুহাম্মাদ ॥ আয়াত : ২৯*
৪. *মুসতাদরাকে হাকেম ॥ খণ্ড : ৪, পৃষ্ঠা : ৫৭৩*

তারা এ-ও করতে না পারে, তাহলে? হযরত হুযায়ফা (রাযি.) বললেন, হে ইবনে ওমর! সময়টি হবে আতঙ্ক, ফেতনা, অনাচার ও লুটপাটের। হযরত আবদুল্লাহ ইবনে ওমর (রাযি.) বলেন, আমি জিজ্ঞেস করলাম, হে আবু আবদুল্লহ (হুযায়ফা), সেই দুর্যোগ থেকে কোনো মুক্তি আছে কি? হযরত হুযায়ফা (রাযি.) বললেন, কেন থাকবে না? এমন কোনো ফেতনা নেই, যার থেকে মুক্তি নেই।

অপর এক হাদীছে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উম্মতের ব্যাপারে দাজ্জাল ছাড়া আরও যে-ফেতনাটির কথা উল্লেখ করেছেন, সেটি হলো বিভ্রান্তকারী নেতৃবর্গ।

হযরত আবুদ্দারদা (রাযি.) থেকে বর্ণিত আছে, নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'আমার উম্মতের ব্যাপারে আমি যে-বিষয়টিকে বেশি ভয় করি, তা হলো, বিভ্রান্তকারী নেতৃবর্গ।'

দাজ্জালের সময় এই চরিত্রের নেতাদের ছড়াছড়ি থাকবে। দাজ্জালি শক্তির চাপ কিংবা প্রলোভনে এসে তারা নিজেরাও সত্য থেকে মুখ ফিরিয়ে নেবে এবং অনুগত-অনুসারীদেরও সত্য থেকে দূরে সরিয়ে রাখার কারণ হবে।

হযরত আসমা বিনতে ইয়াযীদ আনসারিয়া (রাযি.) থেকে বর্ণিত, তিনি বলেছেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদিন আমার ঘরে অবস্থানরত ছিলেন। সে-সময় তিনি দাজ্জাল সম্পর্কে আলোচনা করলেন। তিনি বললেন, 'তার আগে তিনটি বছর অতিবাহিত হবে। প্রথম বছরটিতে আকাশ এক-তৃতীয়াংশ বৃষ্টি আটকে রাখবে আর মাটি এক-তৃতীয়াংশ ফসল ধরে রাখবে। দ্বিতীয় বছর আকাশ দুই-তৃতীয়াংশ বৃষ্টি আটকে রাখবে আর মাটি দুই-তৃতীয়াংশ ফসল ধরে রাখবে। তৃতীয় বছর আকাশ সম্পূর্ণ বৃষ্টি আটকে রাখবে আর মাটি তার পূর্ণ ফসল ধরে রাখবে। ফলে সব ধরনের গবাদিপশু ধ্বংস হয়ে যাবে।'[৫]

মুসনাদে ইসহাক ইবনে রাহ্‌ওয়াই-এর বর্ণনায় আছে :

تَرَى السَّمَاءَ تُمْطِرُ وَهِيَ لَا تُمْطِرُ وَتَرَى الْأَرْضَ تُنْبِتُ وَهِيَ لَا تُنْبِتُ

'তুমি আকাশকে বৃষ্টি বর্ষণ করতে দেখবে; অথচ সে বৃষ্টি বর্ষণ করবে না। তুমি জমিনকে ফসল উৎপন্ন করতে দেখবে; অথচ জমি ফসল উৎপন্ন করবে না।'[৬]

এর অর্থ এ-ও হতে পারে যে, বৃষ্টিও বর্ষিত হবে, ফসলও উৎপন্ন হবে। কিন্তু তথাপি মানুষের কোনো উপকার হবে না এবং মানুষ দুর্ভিক্ষের শিকার হয়ে যাবে। এই আধুনিক যুগে এর অনেক পদ্ধতি হতে পারে। সমগ্র বিশ্বের কৃষিকর্মকে নিজেদের মুঠোয় নিয়ে নেওয়ার যেসব পলিসি ইহুদি মস্তিষ্ক গ্রহণ করেছে, তার

৫. *আল-মু'জামুল কাবীর ॥ হাদীছ নং ৪০৬; মুসনাদে আহমাদ*
৬. *মুসনাদে ইসহাক ইবনে রাহ্‌ওয়াই ॥ খণ্ড : ১, পৃষ্ঠা : ১৬৯*

প্রতিক্রিয়া এখন আমাদের দেশ পর্যন্ত পৌঁছে গেছে। এ-বিষয়ে আমরা পরে আলোচনা করব।

দাজ্জালের গঠন-আকৃতি

أَنَسُ ابْنُ مَالِكٍ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا بُعِثَ نَبِيٌّ إِلَّا أَنْذَرَ أُمَّتَهُ الْأَعْوَرَ وَإِنَّ رَبَّكُمْ لَيْسَ بِأَعْوَرَ وَإِنَّ بَيْنَ عَيْنَيْهِ مَكْتُوْبٌ كَافِرٌ

হযরত আনাস ইবনে মালেক (রাযি.) বর্ণনা করেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, পৃথিবীতে যত নবী-রাসূল প্রেরিত হয়েছে, তারা প্রত্যেকেই নিজ-নিজ উম্মতকে মিথ্যাবাদী কানা দাজ্জাল সম্পর্কে সতর্ক করেছে। দাজ্জাল কানা-ই হবে। আর তোমাদের রব অবশ্যই কানা নন। আর দাজ্জালের দুই চোখের মাঝখানে লিখা থাকবে 'কাফিরুন'।[৭]

عَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَعْوَرُ الْعَيْنِ الْيُمْنَى كَأَنَّهَا عِنَبَةٌ طَافِيَةٌ

হযরত ইবনে ওমর (রাযি.) বর্ণনা করেন, নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'দাজ্জালের ডান চোখ কানা হবে, যেন সেটি ফুলে থাকা আঙুর।'[৮]

عَنْ حُذَيْفَةَ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اَلدَّجَّالُ أَعْوَرُ الْعَيْنِ الْيُسْرَى جُفَالُ الشَّعَرِ مَعَهُ جَنَّةٌ وَنَارٌ فَنَارُهُ جَنَّةٌ وَجَنَّتُهُ نَارٌ

হযরত হুযায়ফা (রাযি.) বর্ণনা করেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, দাজ্জালের বাঁ চোখ কানা হবে। মাথার চুলগুলো হবে ঘন ও এলোমেলো। তার সঙ্গে জান্নাত ও জাহান্নাম থাকবে। কিন্তু মূলত তার জাহান্নাম হলো জান্নাত আর জান্নাত হলো জাহান্নাম।[৯]

দাজ্জালের চুল সম্পর্কে ফাত্‌হুল বারীতে আছে :

كَأَنَّ رَأْسَهُ أَغْصَانُ شَجَرَةٍ

'তাঁর মাথাটা যেন কোনো গাছের কতগুলো ডাল।'

অর্থাৎ– চুল পরিমাণে বেশি ও এলোমেলো হওয়ার কারণে মাথাটিকে গাছের ডাল-পালার মতো মনে হবে।

৭. *সহীহ বুখারী ॥ হাদীছ নং ৬৫৯৮*
৮. *সহীহ বুখারী ॥ হাদীছ নং ৬৫৯০*
৯. *সহীহ মুসলিম ॥ খণ্ড : ৪, পৃষ্ঠা : ২২৪৮*

মুসলিম শরীফের অপর এক বর্ণনায় আছে, 'দাজ্জালের একটি চোখ বসানো থাকবে। অপর চোখে মোটা দানা থাকবে। তার দুই চোখের মাঝে 'কাফিরুন' লিখা থাকবে, যেটি লেখাপড়া জানা-নাজানা সব মুমিন পড়তে পারবে।'[১০]

মুসনাদে আহমাদের বর্ণনায় একথাও আছে যে, তার সঙ্গে দুজন ফেরেশতা থাকবে। তারা দুজন নবীর আকারে তার হাতে থাকবে। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আমি চাইলে উক্ত দুই নবী ও তাদের পিতাদেরও নাম বলতে পারব। তাদের একজন দাজ্জালের ডান দিকে, একজন বাঁ দিকে থাকবে। এটি হবে পরীক্ষা। দাজ্জাল বলবে, আমি তোমাদের রব নই কি? আমি কি মৃতকে জীবিত করতে পারি না? আমি কি মৃত্যু দিতে পারি না? উত্তরে এক ফেরেশতা বলবে, তুমি মিথ্যা বলছ। তার এই উক্তি দ্বিতীয় ফেরেশতা ছাড়া আর কেউ শুনতে পাবে না। ফলে দ্বিতীয় ফেরেশতা তার উত্তরে বলবে, তুমি ঠিকই বলেছ। দ্বিতীয় ফেরেশতার এই উক্তি সবাই শুনতে পাবে এবং ধরে নেবে, এই ফেরেশতা দাজ্জালকে সত্যায়ন করছে। এটিও হবে একটি পরীক্ষা।

দাজ্জাল সুনির্দিষ্ট এক ব্যক্তি হবে। কারণ, হাদীছে সুস্পষ্টভাবে এ-বিষয়টি বর্ণনা করা হয়েছে। কাজেই কোনো রাষ্ট্রকে দাজ্জাল মনে করা ঠিক নয়। যেমনটি খাওয়ারেজ ও জাহ্‌মিয়া প্রভৃতি ভ্রান্ত দলসমূহ মনে করে থাকে। কাজী ইয়ায (রহ.) বলেছেন, 'ইমাম মুসলিম প্রমুখ দাজ্জালের কাহিনীতে এই যে-হাদীসগুলো বর্ণনা করেছেন, এগুলো প্রমাণ করছে, দাজ্জালের অস্তিত্ব যথার্থ এবং সে সুনির্দিষ্ট একজন ব্যক্তি হবে।'[১১]

দাজ্জালের উভয় চোখ ত্রুটিপূর্ণ হবে

দাজ্জালের চোখ সম্পর্কে একাধিক বর্ণনা এসেছে। কোথাও তার ডান চোখ কানা বলা হয়েছে। কোথাও বাম চোখ। এ-বিষয়ে মুফতী মুহাম্মাদ রফী' উছমানি সাহেব 'আলামাতে কেয়ামাত ওয়া নুযূলে মাসীহ' নামক গ্রন্থে লিখেছেন, 'সারকথা হলো, দাজ্জালের দুটো চোখই ত্রুটিপূর্ণ হবে। বাঁয়েরটি একদম জ্যোতিহীন ও মোছানো আর ডানেরটি কোঠর থেকে বের হওয়া থাকবে আঙুরের মতো।'

হাফিয ইবনে হাজর আসকালানি (রহ.) 'তাফিয়া'র ব্যাখ্যা এভাবে করেছেন যে, দাজ্জালের ডান চোখটি বাইরে বের হওয়া থাকবে।'[১২]

বর্তমান যুগে বিভিন্ন বড়-বড় কোম্পানির লোগোতে আপনি একটি চোখ দেখতে পাবেন। কোথাও চোখটি শাদা, যেন চমকানো তারকা। আবার কোথাও চোখটির রং সবুজ দেখানো হয়, যেন সবুজ সিসা।

---

১০. *মিশকাত শরীফ ॥ খণ্ড : ৩, পৃষ্ঠা : হাদীছ নং ৫২৩৭*

১১. *মুসনাদে আহমাদ ॥ খণ্ড : ৫, পৃষ্ঠা : ২২১*

১২. *ফাতহুল বারী ॥ খণ্ড : ১৩, পৃষ্ঠা : ৩২৫*

হযরত উবাই ইবনে কা'ব (রাযি.) বর্ণনা করেছেন, নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন :

عَيْنُهُ خَضْرَاءُ كَأَنَّهَا زُجَاجَةٌ

'দাজ্জালের চোখ সিসার মতো সবুজ হবে।'[১৩]

এটি কি নিছক কাকতালীয় ঘটনা যে, এই কোম্পানিগুলো একটি ত্রুটিপূর্ণ চোখকে তাদের কোম্পানির মনোগ্রাম হিসেবে বেছে নিয়েছে? নাকি বুঝে-শুনে এখন থেকেই তারা জনগণকে এই ত্রুটিপূর্ণ চোখটির সঙ্গে পরিচিত করে তুলছে?

আলোচ্য হাদীছে আছে, দাজ্জালের কপালে 'কাফিরুন' লিখা থাকবে। এখানে কথাটির প্রকৃত অর্থই উদ্দেশ্য। কাজেই এই দৃষ্টিভঙ্গি সঠিক নয় যে, এর দ্বারা উদ্দেশ্য কোনো কোম্পানির নাম কিংবা কোনো রাষ্ট্রের পতাকা।

ইমাম নববি মুসলিম শরীফের ব্যাখ্যা গ্রন্থে লিখেছেন, বিজ্ঞ আলেমগণের মতে সঠিক হলো, উল্লেখিত লিখাটি বাস্তব। আল্লাহপাক একে দাজ্জালের মিথ্যাবাদী হওয়ার অকাট্য চিহ্ন হিসেবে স্থির করেছেন।

প্রতিজন মুমিন এই লেখাটি পড়তে পারবে। প্রশ্ন জাগে, সবাই যখন পড়তে পারবে, তখন মানুষ তার ফেতনায় আক্রান্ত হবে কেন?

এই প্রশ্নের এক উত্তর হলো সেই হাদীছ, যাতে বলা হয়েছে, পরিচয় পাওয়া সত্ত্বেও বহু মানুষ আপন জাগতিক স্বার্থের খাতিরে দাজ্জালের সঙ্গ দেবে।

আরেকটি উত্তর এই হতে পারে যে, পড়তে পারা আর লেখার মর্ম বুঝে সেই অনুযায়ী কাজ করা এক কথা নয়। বর্তমান যুগেও বহু মুসলমান এমন আছে, যারা কুরআনের বিধানাবলি পড়ে; কিন্তু সে মোতাবেক আমল করে না। জানে; কিন্তু মানে না। সবাই জানে, সুদি ব্যবস্থা খোলাখুলি আল্লাহর সঙ্গে যুদ্ধ। কিন্তু বহু মানুষ কার্যত সুদের সঙ্গে জড়িত।

দাজ্জালের যুগেও বহু মানুষ ডলার ও জাগতিক সৌন্দর্যের বিনিময়ে নিজের ঈমান বিক্রি করে ফেলবে। তারা ঈমান পরিত্যাগ করে দুনিয়াকে বরণ করে নেবে। কাজেই যারা আল্লাহর নামে জীবন বিলানোর পরিবর্তে দাজ্জালের সম্মুখে মাথানত করে ফেলবে, তারা দাজ্জালের কপালের 'কাফিরুন' লিখাটি দেখতে পাবে না। বরং তাকে তারা 'যুগের মাসীহ' ও 'মানবতার মুক্তির সনদ' আখ্যা দেবে এবং এর পক্ষে যুক্তি-প্রমাণ খুঁজে বেড়াবে। যারা দাজ্জালের বিরুদ্ধে লড়াই করবে, তাদেরকে তারা বিভ্রান্ত বলবে। তারপরও নিজেদের ব্যাপারে দাবি করবে, আমরা মুসলমান। অথচ ইসলামের সঙ্গে তাদের কোনোই সম্পর্ক থাকবে না। এসব এইজন্য হবে যে, বদ-আমল ও আত্মিক ব্যাধির কারণে তাদের ঈমানি শক্তি রহিত হয়ে যাবে।

---

১৩. *মুসনাদে আহমাদ ॥ হাদীছ নং ২১১৮৪; সহীহ ইবনে হিব্বান ॥ হাদীছ নং ৬৭৯৫*

এই উত্তর আমি নিজের পক্ষ থেকে দিচ্ছি না। এটি আমার মনগড়া কথা নয়। বরং বুখারী শরীফের ব্যাখ্যকার হাফিজ ইবনে হাজ্‌র আসকালানি ও মুসলিম শরীফের ব্যাখ্যাকার ইমাম নববি (রহ.) এই ব্যাখ্যা প্রদান করেছেন। হাফিজ ইবনে হাজ্‌র (রহ.) ফাত্‌হুল বারীতে লিখেছেন :

فَيَخْلُقُ اللهُ لِلْمُؤْمِنِ الْإِدْرَاكَ دُوْنَ تَعَلُّمٍ

'সেদিন আল্লাহ লেখাপড়া জানা ব্যতিরেকেই মুমিনদের জন্য বুঝ তৈরি করে দেবেন।'

ইমাম নববি লিখেছেন :

فَيُظْهِرُ اللهُ الْمُؤْمِنَ عَلَيْهَا وَيُخْفِيْهَا عَلٰى مَنْ أَرَادَ شَقَاوَتَهُ

'সেদিন আল্লাহ মুমিনদের জন্য উক্ত লেখাটি প্রকাশ করে দেবেন আর বদকার লোকদের জন্য গোপন করে রাখবেন।'

দাজ্জালের ফেতনা অনেক বিস্তৃত হবে

বিশ্বনবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাহাবাগণের মজলিসে যখনই দাজ্জালের আলোচনা করতেন, তখনই তাঁদের মধ্যে ভীতি সঞ্চারিত হয়ে যেত এবং তাঁরা কাঁদতে শুরু করতেন। কিন্তু এর কারণ কী যে, আজ মুসলমান এ-ব্যাপারে কোনোই চিন্তা করছে না?

সম্ভবত তার কারণ হলো, আজ মানুষ এই ফেতনাটিকে সেই অর্থে বুঝবার চেষ্টা করছে না, যে-অর্থে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বুঝিয়েছেন। আজ যদি কোনো মুসলমান এই হাদীছটি শোনে, দাজ্জালের কাছে খাদ্যের পাহাড় ও পানির নহর থাকবে, তখন সে হাদীছটি এমন অবস্থায় শোনে যে, তার পেট পরিপূর্ণ থাকে এবং পানির কোনোই অভাব থাকে না। ফলে সে দাজ্জালের সময়কার পরিস্থিতিকেও নিজের ভরা পেট ও ভেজা গলার সময়কার অবস্থারই উপর অনুমান করে। এই হাদীছগুলো শুনবার সময় তার চোখের সামনে এ-দৃশ্যটি মোটেও ভাসে না যে, তখনকার পরিস্থিতি এমন হবে যে, দিনের-পর-দিন নয়, সপ্তাহের-পর-সপ্তাহ কেটে যাবে, রুটির একটি টুকরোও জুটবে হবে। অনাহার মানুষকে কাহিল করে তুলবে। পানির অভাবে কণ্ঠনালীতে কাঁটা বিঁধবে।

আপনি বাইরে থেকে ফিরে যখন ঘরে পা রাখবেন, তখন দেখতে পাবেন, আপনার কলিজার টুকরো যে-সন্তানটির একটি মাত্র ইঙ্গিতে তার প্রতিটি বাসনা ও দাবি পূরণ হয়ে যেত, আজ তীব্র পিপাসায় তার জিহ্বাটা বের হয়ে গেছে। কয়েক দিনের অনাহার তার গোলাপের মতো সুন্দর মুখ থেকে জীবনের সব সৌন্দর্য-ঔজ্জ্বল্য ছিনিয়ে নিয়ে গেছে। দৃশ্যটি দেখামাত্র আপনার অন্তর খাঁ-খাঁ করে উঠল। কিন্তু আপনি অসহায়, অক্ষম। কষ্ট সহ্য করতে না পেরে সন্তানের দিক থেকে

মুখটা অন্যদিকে ফিরিয়ে নিলেন। কিন্তু সেদিকে তাকালেন, ওদিকে পড়ে আছে আক্ষেপ ও যন্ত্রণার আরেকখানি প্রতিচ্ছবি – মা – আম্মাজান, হ্যাঁ, আপনার আম্মাজান! সেই মা, যিনি আপনাকে ক্ষুধার্তপেটে কখনও ঘুমোতে দেননি। যিনি আপনার ইঙ্গিতেই আপনার পিপাসার কথা বুঝে ফেলতেন। যিনি নিজের সমস্ত সুখ-আহ্লাদকে আপনার জন্য কুরবান করে দিয়েছিলেন।

আজ আপনার সেই মা চোখের দৃষ্টিতে হাজারো প্রশ্ন ভরে নিয়ে যুবক পুত্রের পানে তাকিয়ে আছেন এই আশায় যে, বাছা আমার আজ এক টুকরো রুটি কোথাও থেকে নিয়ে এসেছে। মায়ের মমতার খাতিরে পুত্র আজ কোথাও থেকে এক কাতরা পানি সংগ্রহ করে এনেছে। কিন্তু পুত্রের মুখের লেখা পড়তে সক্ষম মা আপনার মুখাবয়বে লেখা জবাবটা পড়ে নিলেন। পুত্রের অসহায়ত্বের ফলে মায়ের চোখ থেকে কয়েক ফোঁটা অশ্রু গড়িয়ে পড়ল। আপনার কলিজাটা মুখে বেরিয়ে আসবার উপক্রম হলো। আপনি ভেতরে-ভেতরেই ভেঙে চুরমার হয়ে যেতে লাগলেন।

কষ্টটা সহ্য করতে না পেরে এবার আপনি অন্যদিকে মুখ ফিরিয়ে নিলেন এই আশায় যে, সম্ভবত ওদিকে কেউ নেই। কিন্তু না, আছে। ওখানেও একজন পড়ে আছে – আপনার জীবন-সফরের সঙ্গিনী, পরীক্ষার প্রতিটি মুহূর্তে যে আপনাকে সাহস জুগিয়েছে। কিন্তু আজ ঠোঁটদুটো তার শুকনো। আত্মনিয়ন্ত্রণের সমুদ্র ভেতরে-ভেতরেই ঢেউ খেলছে। আপনার জীবন-আকাশের চাঁদটির গায়ে দৃষ্টি নিপতিত হওয়ামাত্র হঠাৎ আপনার অন্তর্জগতে লুকিয়ে থাকা অশ্রুর সমুদ্রে ঝড় শুরু হয়ে গেল আর দেখতে-না-দেখতেই আপনার প্রেম আপনারই অশ্রুতাপে গলে যেতে শুরু করল। অবশেষে – আপনিও তো মানুষ। আপনার বুকেও তো গোশতপিন্ডই ধুক্‌ধুক্ করে। কতক্ষণ আর নিজেকে লুকিয়ে রাখবেন! যখন সবগুলো জাগতিক অবলম্বন ভেঙে গেল, আশার সব কটি প্রদীপ নিভে গেল, এবার আপনার চোখদুটোও গণ্ডদেশকে ভিজিয়ে দিতে শুরু করল। সন্তানের স্নেহ, মায়ের মমতা ও স্ত্রীর প্রেম সবাই মিলে আপনার হৃদয়টাকে তামার মতো গলিয়ে দিল। কোথাও কোনো আশ্রয় নেই, কোথাও কোনো সহায়-সহযোগিতা নেই। কেউ নেই আপনার প্রতি সাহায্যের হাত বাড়াবার। কীভাবে থাকবে! প্রতিটি ঘরে, প্রতিটি দরজায় এই একই দৃশ্য!

কেউ নেই সাহায্য করবার – সকলেরই সাহায্য দরকার!

এমন সময় বাইরে থেকে সুস্বাদু খাবারের সুঘ্রাণ আর পানির কলকল শব্দ কানে ভেসে এল। আপনি ও আপনার পরিজন সবাই দৌড়ে বাইরে গেলেন। মনে হলো, কষ্টের দিন বুঝি শেষ হয়ে গেছে। মানুষের এই বনে কোনো 'মাসীহা' এসে পড়েছেন। আগত 'মাসীহা' ঘোষণা করছে, 'ক্ষুৎ-পিপাসায় কাতর লোকেরা! এই সুঘ্রাণযুক্ত সুস্বাদু খাবার, এই ঠাণ্ডা পানি তোমাদেরই জন্য।'

ঘোষণাটি শোনামাত্র আপনার, আপনার পরিজন ও নগরীর অন্যান্য বাসিন্দাদের আধা জীবন যেন এমনিতেই ফিরে এসেছে। মাসীহা আবার বলতে শুরু করল, এই সবকিছু তোমাদেরই জন্য। কিন্তু তোমরা কি বিশ্বাস কর যে, এই খাবার-পানির মালিক আমি? তোমরা কি এই বাস্তবতাকে স্বীকার করছ যে, এসব বস্তুসামগ্রী আমার অধীনে?

এই দ্বিতীয় ঘোষণাটি শোনার পর খাবার-পানির প্রতি অগ্রসরমান আপনার পা কিছুক্ষণের জন্য থমকে গেল। আপনি কিছু ভাবতে শুরু করলেন। আপনার স্মৃতি বলল, এই শব্দগুলো তো চেনাচেনা মনে হচ্ছে। আপনার মনে পড়ে গেল, এই 'মাসীহা'টা কে। কিন্তু – কিন্তু সেই মুহূর্তে পেছন থেকে আপনার সন্তানের কান্নার শব্দ তীব্র হতে লাগল। মায়ের আর্তনাদ কানে এসে বাজল। স্ত্রীর করুণ আহাজারি কানে এসে ঢুকল। আপনি ছুটে গেলেন। আপনার কলিজার টুকরা – আপনার সন্তানটি মৃত্যু ও জীবনের মাঝে ঝুলছে। যদি কয়েক ফোঁটা পানি জুটে যায়, তাহলে শিশুটির জীবনটা বেঁচে যেতে পারে।

এখন একদিকে আপনার সন্তান, মা ও স্ত্রীর ভালবাসা, অপরদিকে একটি প্রশ্নের উত্তর।

একদিকে আনন্দপূর্ণ ঘর, অন্যদিকে বিলাপের আসর।

যেন একদিকে আগুন, একদিকে মনমাতানো ফুলবাগান।

বলুন, বিবেকের বন্ধ জানালাগুলো খুলে দিয়ে ভাবুন, বিষয়টি কি এতই সহজ, যতটা আপনি মনে করছেন? বোধহয়, না। বরং তখনকার পরিস্থিতি হবে মানবেতিহাসের সবচে ভয়াবহ ফেতনা!

عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَا بَيْنَ خَلْقِ اٰدَمَ إِلَى قِيَامِ السَّاعَةِ فِتْنَةٌ أَكْبَرُ عِنْدَ اللهِ مِنَ الدَّجَّالِ

হযরত ইমরান ইবনে হুসাইন (রাযি.) বর্ণনা করেছেন, আমি আল্লাহর রাসূল (সা.)-কে বলতে শুনেছি, 'আদমের সৃষ্টি থেকে শুরু করে কিয়ামত সংঘটিত হওয়া পর্যন্ত সময়ে আল্লাহর নিকট দাজ্জাল অপেক্ষা বড় ফেতনা দ্বিতীয়টি নেই।'[১৪]

মুসলিম শরীফে আছে :

مَا بَيْنَ خَلْقِ اٰدَمَ إِلَى قِيَامِ السَّاعَةِ خَلْقٌ أَكْبَرُ عِنْدَ اللهِ مِنَ الدَّجَّالِ

'আদম সৃষ্টি থেকে শুরু করে কিয়ামত সংঘটিত হওয়া পর্যন্ত সময়ে দাজ্জাল অপেক্ষা জঘন্য সৃষ্টি দ্বিতীয়টি আর নেই।'[১৫]

১৪. *মুসতাদরাকে হাকেম ॥ খণ্ড : ৪, পৃষ্ঠা : ৫৭৩*
১৫. *সহীহ মুসলিম ॥ খণ্ড : ৪, পৃষ্ঠা : ২২৬৬*

عَنْ اَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا تَشَهَّدَ اَحَدُكُمْ فَلْيَسْتَعِذْ بِاللهِ مِنْ اَرْبَعٍ يَقُوْلُ اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنْ عَذَابِ جَهَنَّمَ وَمِنْ عَذَابِ الْقَبْرِ وَمِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ وَمِنْ شَرِّ فِتْنَةِ الْمَسِيْحِ الدَّجَّالِ

হযরত আবু হুরায়রা (রাযি.) থেকে বর্ণিত, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'তোমাদের কেউ যখন (নামাযে) তাশাহ্‌হুদ পাঠ করবে, তখন যেন সে চারটি বিষয় থেকে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করে। বলবে, হে আল্লাহ! আমি জাহান্নামের শাস্তি, কবরের শাস্তি, জীবন ও মৃত্যুর ফেতনা ও দাজ্জালের ফেতনা থেকে তোমার কাছে আশ্রয় প্রার্থনা করছি।'[১৬]

দেখুন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর উম্মাতকে দাজ্জাল থেকে রক্ষা করার জন্য কত চিন্তা করতেন যে, আমাদেরকে নামাযের মধ্যে দাজ্জালের ফেতনা থেকে আশ্রয় চাওয়ার দু'আ শিখিয়ে দিয়েছেন।

عَنْ حُذَيْفَةَ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ إِنِّيْ سَمِعْتُهُ يَقُوْلُ إِنَّ مَعَ الدَّجَّالِ إِذَا خَرَجَ مَاءً وَنَارًا فَأَمَّا الَّذِيْ يَرَى النَّاسُ أَنَّهَا النَّارُ فَمَاءٌ بَارِدٌ وَأَمَّا الَّذِيْ يَرَى النَّاسُ أَنَّهُ مَاءٌ بَارِدٌ فَنَارٌ تُحْرِقُ فَمَنْ أَدْرَكَ مِنْكُمْ فَلْيَقَعْ فِي الَّذِيْ يَرَى أَنَّهَا نَارٌ فَإِنَّهُ عَذْبٌ بَارِدٌ

হযরত হুযায়ফা (রাযি.) বর্ণনা করেন, আমি নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, দাজ্জাল যখন বের হবে, তখন তার সঙ্গে পানি ও আগুন থাকবে। কিন্তু মানুষ যাকে আগুন বলে দেখবে, সেটিই হবে শীতল পানি। আর যাকে পানি বলে দেখবে, সেটিই হবে ভস্মকারী আগুন। অতএব তোমাদের কেউ যদি দাজ্জালকে পায়, সে যেন সেই বস্তুটিতে অবতরণ করে, যাকে সে আগুন বলে দেখবে। কেননা, সেটিই হলো সুমিষ্ট ঠাণ্ডা পানি।'[১৭]

অপর এক হাদীসে দাজ্জালের সঙ্গে রুটি ও গোশতের পাহাড় থাকবে বলে উল্লেখ রয়েছে। তার অর্থ হলো, যেলোক তার সম্মুখে মাথানত করবে, তার কাছে সম্পদ ও খাদ্যপণ্যের সমারোহ থাকবে। পক্ষান্তরে যে-ব্যক্তি তাকে অমান্য করবে, তার উপর সব ধরনের অবরোধ আরোপ করে তার জীবনকে কোণঠাসা ও সংকটাপন্ন করে ফেলবে – যেমনটি আমরা বলেছি যে, দাজ্জালের আবির্ভাবের আগে তার ফেতনা শুরু হয়ে যাবে। যেমনটি বর্তমানে আফগানিস্তান-ইরাকের উপর দাজ্জালি শক্তির অগ্নিবৃষ্টি চলছে। অপর দিকে যারা দাজ্জালি শক্তিগুলোর বশ্যতা স্বীকার করে নিয়েছে, তাদের জীবনে ডলারের বৃষ্টি বর্ষিত হচ্ছে।

১৬. *সহীহ মুসলিম ॥ খণ্ড : ১, পৃষ্ঠা : ৪১২*
১৭. *সহীহ বুখারী ॥ খণ্ড : ৩, পৃষ্ঠা : ১২৭২*

পানি নিয়ে যুদ্ধ ও দাজ্জাল

সম্ভবত এখনও মানুষ বুঝতে সক্ষম হবে না যে, দাজ্জাল পানি নিয়ে যুদ্ধ করবে কেন। পানি তো সব জায়গাই পাওয়া যায়। বিষয়টি বুঝতে হলে বর্তমান পৃথিবীতে পানির বাস্তবতা বুঝতে হবে। পৃথিবীতে সুপেয় পানির দুটি বড় ভাণ্ডার আছে। একটি হলো তুষারময় পর্বত। এই ভাণ্ডারের পানির পরিমাণ ২৮ মিলিয়ন কিউবেক কিলোলিটার। দ্বিতীয়টি পাতাল। এই ভাণ্ডারটির পানির পরিমাণ ৮ মিলিয়ন কিউবেক কিলোলিটার।

এভাবে পৃথিবীতে বিদ্যমান পানযোগ্য পানির বড় পরিমাণটি হলো বরফ, যা গলে পৃথিবীর বিভিন্ন নদীর মাধ্যমে মানুষের কাছে পৌঁছে যাচ্ছে। পক্ষান্তরে ভূ-গর্ভস্থ পানি তার তুলনায় কম। বরফের এই মজুদ এন্টার্টিকা ও গ্রিনল্যান্ডে বেশি। আর এই দুটি স্থানের উপর কোনো মুসলিম রাষ্ট্রের অধিকার নেই। বাকি থাকল ভূ-গর্ভস্থ পানির মজুদ। এ-ক্ষেত্রেও দু-ধরনের অঞ্চল থাকে। একটি সমতল অঞ্চল, অপরটি পার্বত্য। সমতল এলাকায় শহরাঞ্চলে পানির উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত করা কঠিন কিছু নয়। কেননা, শহরাঞ্চলের পানির সমুদয় স্টক কোনো জলাধার কিংবা সরকারি টিউবওয়েল থেকে পাইপ লাইনের মাধ্যমে আগত পানির উপর নির্ভরশীল হয়ে থাকে। সেজন্য শহুরে মানুষ পানির জন্য পুরোপুরিভাবে সেখানকার প্রশাসনের দায়ভার ও অনুগ্রহের উপর নির্ভরশীল।

দাজ্জালের ফেতনা গ্রামের তুলনায় শহর এলাকায় বেশির কঠোর হবে এবং শহরাঞ্চলের বেশিরভাগ নাগরিক উক্ত ফেতনার শিকার হয়ে যাবে। তবে পল্লী অঞ্চলের পানির উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্যও দাজ্জালি শক্তিগুলো তাদের সর্বশক্তি নিয়োজিত করবে।

ভবিষ্যতে পৃথিবীতে পানি নিয়ে যুদ্ধ হবে, এমন গুজব আপনি শুনে থাকবেন। জর্ডান, ফিলিস্তিন, লেবানন ও সিরিয়ার সঙ্গে ইসরাইলের, ইরাকের সঙ্গে তুরস্কের এবং ভারত, পাকিস্তান ও বাংলাদেশের সঙ্গে ভারতের পানি নিয়ে বিরোধ-বিবাদ জীবন-মৃত্যুর সমান মর্যাদা রাখে।

ইহুদি ও হিন্দু এই উভয় জাতিরই চরিত্র হলো, তারা শুধু নিজেরা বেঁচেই ক্ষান্ত হয় না, বরং প্রতিবেশীকে মেরেই তবে নিজেরা বাঁচার দৃষ্টিভঙ্গি লালন করে। এ-কারণেই ভারতের মতো ইসরাইলও আগে-ভাগেই তাবরিয়া উপসাগরের গতি পুরোপুরি নিজের দিকে নিয়ে নিয়েছে এবং মুসলমানদেরকে পানি থেকে বঞ্চিত করে পিপাসায় মারার চেষ্টা করছে। এর বিস্তারিত বিবরণ পরে আসছে।

দাজ্জালি শক্তিগুলো যদি মুসলিম বিশ্বের উপর প্রবহমান নদী-সাগরগুলোর উপর ডেম তৈরি করে এবং সেই ডেমগুলোর উপর তাদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়ে যায়, তা হলে তারা নদীগুলোর প্রবাহ বন্ধ করে দিয়ে এই জগতটিকে মরুভূমিতে

পরিণত করে দিতে পারবে। নদী যখন বন্ধ হয়ে যাবে, তখন ভূ-গর্ভস্থ পানি অনেক নিচে চলে যাবে। তারপর এমন একটি সময় আসবে, যখন মানুষের কাছে পানযোগ্য কোনো পানি থাকবে না। ফলে মানুষ ফোঁটা-ফোঁটা পানির মুখাপেক্ষী হয়ে পড়বে। সিরিয়া, জর্ডান ও ফিলিস্তিনের পানির অবস্থা আমরা সামনে আলোচনা করব। এখানে আমরা ইরাক, মিসর ও পাকিস্তানের পানি নিয়ে আলোচনা করছি।

ইরাক : ইরাকে বড় দুটি নদী প্রবহমান। দজলা ও ফোরাত। উভয়টি এসেছে তুরস্ক থেকে। তুরস্ক ফোরাত নদীর উপর আতাতুর্ক ড্যাম তৈরি করেছে, যেটি পৃথিবীর বড় ড্যামগুলোর একটি, যার পানি ধারণের স্থান ৮১৬ বর্গ কিলোমিটার। এই ভাণ্ডারটি ভরতে হলে ফোরাত নদীকে বর্ষা মৌসুমে এক মাস পর্যন্ত সম্পূর্ণরূপে তাতে ঢালতে হবে। তার অর্থ হলো, তুরস্ক তার প্রয়োজন মেটানোর জন্য ফোরাত নদীর পানি এক মাস পর্যন্ত ইরাক যেতে দেবে না। আর ইসলাম প্রশ্নে তুরস্ক সরকারের বর্তমান অবস্থা সকলেরই চোখের সামনে। পরিস্থিতি বলছে, ভবিষ্যতে তাদের ঝোঁক আন্তর্জাতিক দাজ্জালি জোটের প্রতি ধাবিত হবে।

মিসর : মিসরের সবচেয়ে বড় নদীটি হলো নীলনদ। কিন্তু এটিরও উৎপত্তি আফ্রিকার ওগান্ডা সেন্ট্রালের ভিক্টোরিয়ার ঝিল। নীলনদের পানির সবচেয়ে বড় মাধ্যম হলো রুয়ান্ডা নদী।

পাকিস্তান : পাকিস্তানের বেশিরভাগ নদী এসেছে ভারত থেকে। ভারত সেগুলোর উপর ড্যাম তৈরি করছে। চন্নাব নদীর উপর ভারত বাগলিহার ড্যাম তৈরির কাজ সম্পন্ন করেছে। অনুরূপ তারা নিলাম নদীর উপর কাশনগঙ্গা ড্যাম নির্মাণ করছে। এভাবে ভারত পাকিস্তানের পানির গতি রোধ করে আমাদের ভূখণ্ডটিকে মরুভূমিতে পরিণত করার এবং আমাদেরকে পিপাসায় মারার চেষ্টা করছে।

ঝরনার মিষ্টি পানি – নাকি নেস্‌লে মিনারেল ওয়াটার?

এখন প্রশ্ন থাকল, দাজ্জাল পাহাড়ি অঞ্চলগুলোর অসংখ্য কূপ ও নালা কীভাবে নিজের নিয়ন্ত্রণে নিতে সক্ষম হবে? এই প্রশ্নের উত্তর বুঝতে হলে একটি বিষয় মস্তিষ্কে বসিয়ে নিতে হবে যে, দাজ্জালের ফেতনা পার্বত্য অঞ্চলে কম হবে এবং যেসব পাহাড় আধুনিক জাহেলি সভ্যতা থেকে পুরোপুরি পবিত্র হবে, দাজ্জালের ফেতনা ওখানে পৌঁছবে না। কাজেই পাহাড়ি অঞ্চলের মানুষ পানির প্রশ্নে দুর্ভোগ পোহাবে কম। তবে তার অর্থ এই নয় যে, দাজ্জালি শক্তিগুলোর পক্ষ থেকে পাহাড়ি অঞ্চলগুলোতে কোনো মেহনত চলছে না। বরং বর্তমানে তাদের সর্বশক্তি পাহাড়ি অঞ্চলগুলোর পানির উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার কাজে নিয়োজিত রয়েছে।

আপনি ইতিহাসে পড়ে থাকবেন, এমনকি মরু ও পাহাড়ি অঞ্চলগুলোতে দেখেও থাকবেন যে, যেসব অঞ্চলে পানির প্রাকৃতিক ভাণ্ডার, যেমন– নদী, কূপ কিংবা বরফীয় নালা প্রবহমান আছে, সেসব অঞ্চলে বসতি গড়ে উঠেছে। আগে মানুষ রাস্তা ও হাট-বাজার দেখে বসতি গড়ত না। মানুষ বসতি গড়ত পানির উপস্থিতি দেখে, যদিও স্থানটি হতো পাহাড়ের চূড়া। কিন্তু বর্তমান যুগে পাহাড়ি অঞ্চলগুলোতেও দেখা যাচ্ছে যে, মানুষ সেসব এলাকায় বসতি গড়াকে প্রাধান্য দিচ্ছে, যেখানে মানুষের ভিড়-ভাড় বেশি। এখন বসতি গড়ার ক্ষেত্রে প্রথম প্রাধান্য বিষয় কুদরতি পানির ভাণ্ডার হয় না, বরং পানির জন্য মানুষ পানির সেই ট্যাংকগুলোর উপর নির্ভরশীল হয়ে পড়ছে, যেগুলো বিভিন্ন রাষ্ট্রের অর্থায়নে উক্ত অঞ্চলগুলোতে স্থাপন করা হচ্ছে।

এই হলো চিন্তার সেই পরিবর্তন, যা আন্তর্জাতিক ইহুদি চক্র পাহাড়ি লোকদের মাঝে প্রতিষ্ঠিত করতে চাচ্ছে। যাতে এরা সেই প্রাকৃতিক পানির ভাণ্ডারগুলোর নির্ভরশীলতা পরিত্যাগ করে, যার নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা খুব কঠিন। চিন্তার এই বিপ্লবের লক্ষ্যে পাহাড়ি অঞ্চলগুলোতে পশ্চিমাদের অর্থায়নে পরিচালিত এনজিওগুলোর পক্ষ থেকে যে-প্রচেষ্টা চলছে, পাহাড়ি অঞ্চলগুলোতে গেলে আপনি সেসব দেখতে পাবেন।

এ-সকল প্রচেষ্টার মূল লক্ষ্য দূর-দূরান্তের পাহাড়ি অঞ্চলগুলোতে আধুনিক জাহেলি সভ্যতার ক্রিয়া পৌঁছিয়ে দেওয়া। এর জন্য আন্তর্জাতিক ইহুদি প্রতিষ্ঠানগুলোর বিশেষ বরাদ্দ আছে, যা পর্যটন, উন্নয়ন, নারীশিক্ষা ও আঞ্চলিক সংস্কৃতির বিস্তার ও প্রসারের নামে প্রদান করা হয়। দূর-দূরান্তের পাহাড় অঞ্চলগুলোতে সড়ক ও বিদ্যুতের সরবরাহ আইএমএফ ও বিশ্বব্যাংকের বিশেষ নির্দেশনার অংশ হয়ে থাকে। পাহাড়ি অঞ্চলগুলোতে বিদ্যমান কূপগুলোর পানির ব্যাপারে এই প্রোপাগাণ্ডা শুরু হয়ে গেছে যে, এই পানি পান করলে অসুখ হয়। এভাবে তারা পাহাড়ি অঞ্চলে বসবাসরত লোকদেরকে সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত সুপেয় পানি থেকে বঞ্চিত করে নেস্‌লের বোতলজাত পুরনো পানিতে অভ্যস্ত করে তোলার প্রচেষ্টা চালাচ্ছে, যার মালিকানা সবটুকুই ইহুদিদের।

২০০৩ সালকে টাটকা পানির আন্তর্জাতিক বছর ঠিক করা হয়েছিল। (আর তাদের দৃষ্টিতে টাটকা পানির সংজ্ঞা হলো সেই পানি, যা বহুজাতিক কোম্পানিগুলোর মাধ্যমে সংগ্রহ করা হবে) এর অধীনে অত্যন্ত জোরে-শোরে প্রচারণা চলানো হয়েছিল যে, পৃথিবী থেকে পানযোগ্য পানি নিঃশেষ হয়ে যাচ্ছে। নেস্‌লে মিনারেল ওয়াটারের ক্রমবর্ধমান ব্যবহার এই অপপ্রচারেরই ক্রিয়া।

বিস্মিত হতে হয় লেখাপড়া জানা সেই লোকদের বিবেকের জন্য, যারা পার্বত্য অঞ্চলগুলোতে পরিষ্কার-পরিচ্ছন্ন কূপের পানি ত্যাগ করে ওখানেও

বোতলজাত বাসি পানি ব্যবহার করছেন। অথচ, কূপের পানি শুধু পানিই নয় – তাতে পেটের পীড়ার নিরাময়ও বিদ্যমান। এর উত্তরে বলা হয়, ডাক্তারগণ বলেছেন, কূপের পানি ক্ষতিকর। যখন জিজ্ঞেস করা হয়, কোন ডাক্তার বলেছেন? তখন উত্তর আসে, ডব্লিউএইচও'র ডাক্তার। এখন আমার মতো স্বল্পবিদ্যার মানুষ কী করে জানবে, ডব্লিউ.এইচ.ও কীসের সংক্ষেপ? 'ওয়ার্ল্ড হিব্রু অর্গানাইজেশন' (আন্তর্জাতিক ইহুদি সংগঠন) নাকি 'ওয়ার্ল্ড হেল্‌থ অর্গানাইজেশন' (আন্তর্জাতিক স্বাস্থ্য সংস্থা)। হায়, এই লোকগুলো যদি জানত ডব্লিউএইচও'র ডাক্তারগণ প্রত্যেক সেই বস্তুর ব্যাপারেই ঘোষণা প্রদান করে, যেগুলো ইহুদি পুঁজিপতিদের স্বার্থের অনুকূল!

উল্লিখিত আলোচনার সার হলো, বিশ্বের মিষ্টি পানির ভাণ্ডারগুলোর উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার লক্ষ্যে বর্তমানে আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান ও বিভিন্ন এনজিও স্বতন্ত্রভাবে নিয়োজিত আছে। তারা নানা অজুহাতে এগুলোকে নিয়ন্ত্রিত করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

দাজ্জাল কোথা থেকে আত্মপ্রকাশ করবে?

عَنْ إِسْحٰقَ بْنِ عَبْدِ اللهِ قَالَ سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكٍ رَضِيَ اللهُ عَنْهُ يَقُوْلُ يَتْبَعُ الدَّجَّالَ سَبْعُوْنَ أَلْفًا مِنْ يَهُوْدِ أَصْفَهَانَ عَلَيْهِمُ الطَّيَالِسَةُ

ইসহাক ইবনে আবদুল্লাহ বর্ণনা করেন, আমি আনাস ইবনে মালেককে বলতে শুনেছি, 'ইস্‌ফাহানের সত্তর হাজার ইহুদি দাজ্জালের অনুসারী হবে। তাদের গায়ে সবুজ বর্ণের চাদর (বা জুব্বা) থাকবে।'[১৮]

যেমনটি পেছনে বলে এসেছি, ইসরাইলে বিশেষ এক ধরনের পোশাক তৈরির কাজ চলছে, যেগুলো তাদের ধর্মনেতারা দাজ্জালের আবির্ভাবের পর পরিধান করবে।

হযরত আয়েশা (রাযি.) বলেন, একদিন নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার নিকট আগমন করলেন। আমি তখন বসে-বসে কাঁদছিলাম। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে কান্নার কারণ জিজ্ঞেস করলেন। আমি বললাম, হে আল্লাহর রাসূল! আমার দাজ্জালের কথা মনে পড়ে গেছে। শুনে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, 'যদি সে আমার জীবদ্দশায় আত্মপ্রকাশ করে, তা হলে তোমার পক্ষে আমিই যথেষ্ট হব। আর যদি আমার পরে আত্মপ্রকাশ করে, তবুও তোমার আতঙ্কিত হওয়ার কোনো প্রয়োজন নাই। কেননা, তার মিথ্যাবাদী হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে কানা হবে আর

১৮. *সহীহ মুসলিম* ॥ খণ্ড : ৪, পৃষ্ঠা : ২২৬৬

তোমার রব কানা নন। সে ইস্‌ফাহানের ইহুদিয়া নামক অঞ্চল থেকে আত্মপ্রকাশ করবে।'[১৯]

হযরত আমর ইবনে হুরাইছ হযরত আবুবকর সিদ্দীক (রাযি.) থেকে বর্ণনা করেছেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'দাজ্জাল পৃথিবীর এমন একটি অঞ্চল থেকে আত্মপ্রকাশ করবে, যেটি প্রাচ্যে অবস্থিত এবং যাকে খোরাসান বলা হয়। তার সঙ্গে অনেক দল মানুষ থাকবে। তাদের একটি দলের লোকদের চেহারা স্ফীত ঢালের মতো হবে।'[২০]

দাজ্জালের সঙ্গে এমন একদল মানুষ থাকবে, যাদের মুখমণ্ডল স্ফীত ঢালের মতো হবে। প্রশ্ন হলো, সত্যিই কি তাদের মুখমণ্ডল এরূপ হবে? নাকি তারা কিছু পরিধান করে মুখগুলোকে এরূপ বানিয়ে রাখবে? কোনটি সঠিক আল্লাহই তা ভালো জানেন।

এই হাদীছে খোরাসানকে দাজ্জালের আবির্ভাবের স্থল বলা হয়েছে। এর আগের বর্ণনায় বলা হয়েছে ইস্‌ফাহান। এই দুই বর্ণনায় মূলত কোনো বিরোধ নেই। কারণ, ইস্‌ফাহান ইরানের একটি প্রদেশ আর ইরান একসময় খোরাসানের অন্তর্ভুক্ত ছিল।

খোরাসান সম্পর্কে সেই বাহিনীটির বর্ণনা পেছনে বিগত হয়েছে, যারা হযরত মাহ্‌দির সহায়তায় আগমন করবে। কাজেই আমরা যদি মাহ্‌দি-বাহিনীর লক্ষণগুলো সমগ্র খোরাসানে অনুসন্ধান করি, তা হলে তা আফগানিস্তানের সেই ভূখণ্ডটিতে পরিদৃষ্ট হবে, যেখানে বর্তমানে পাখতুন বসতি বেশি। তাই লক্ষ্যণদৃষ্টে বলা যায়, হযরত মাহ্‌দির সহায়তাকারী বাহিনীটি খোরাসানের সেই অঞ্চল থেকে গমন করবে, যেটি বর্তমানে তালেবান আন্দোলনের ঘাঁটি হিসেবে পরিচিত।

অপর এক বর্ণনায় দাজ্জালের আবির্ভাবস্থল হিসেবে ইরাক ও শামের মধ্যবর্তী একটি জায়গার কথা বলা হয়েছে। ফলে এখানে বাহ্যত বিরোধ পরিলক্ষিত হচ্ছে। এই বিরোধের সমাধান হলো, দাজ্জালের আবির্ভাব ইস্‌ফাহান থেকেই ঘটবে। তবে তার প্রচার ও খোদায়ী দাবির ঘটনা ঘটবে ইরাকে। এই হিসেবে একেও 'আবির্ভাব' নামে আখ্যায়িত করা হয়েছে।

এখানে দাজ্জালের আত্মপ্রকাশের স্থান ইস্‌ফাহানের ইহুদিয়া নামক একটি জায়গার কথা বলা হয়েছে। বুখতেনাচ্চর যখন বাইতুল মুকাদ্দাসের উপর আক্রমণ চালিয়েছিল, তখন বহুসংখ্যক ইহুদি এই অঞ্চলে এসে বসতি স্থাপন করেছিল। সেই থেকে এ-অঞ্চলটির নাম হয়েছে ইহুদিয়া। ইহুদিদের মাঝে ইস্‌ফাহানের

১৯. *মুসনাদে আহমাদ ॥ খণ্ড : ৬, পৃষ্ঠা : ১৭৫*

২০. *মুসনাদে আহমাদ ॥ খণ্ড : ১, পৃষ্ঠা : ৭; সুনানে ইবনে মাজা ॥ খণ্ড : ২, পৃষ্ঠা : ১৩৫৩; মুসনাদে আবূ ইয়া'লা ॥ খণ্ড : ১, পৃষ্ঠা : ৩৭*

একটি বিশেষ মর্যাদা রয়েছে। এক হাদীছে বলা হয়েছে, দাজ্জালের সঙ্গে সত্তর হাজার ইহুদি থাকবে।

হাদীছের এই বক্তব্য থেকেও ইস্‌ফাহানি ইহুদিদের বিশেষ গুরুত্ব প্রমাণিত হচ্ছে। প্রিন্স করীম আগাখানের বংশের সম্পর্কও ইস্‌ফাহানের সঙ্গে। এই বংশটি উপমহাদেশে স্বজাতির পক্ষে যেসব সেবা আঞ্জাম দিয়েছে এবং দিয়ে চলেছে, তা এতটাই গুরুত্বপূর্ণ যে, দাজ্জাল যদি এযুগে এসে পড়ে, তা হলে এই পরিবার দাজ্জালের একান্ত ঘনিষ্ঠ লোকদের অন্তর্ভুক্ত হয়ে যাবে। তা ছাড়া আরও অনেক ব্যক্তিত্ব আছে, যারা ইস্‌ফাহানি ইহুদি এবং বর্তমানে মুসলিম বিশ্বের বিভিন্ন বিষয়ে অত্যন্ত প্রভাবশালী।

ইরাক সম্পর্কে একটি বিস্ময়কর বর্ণনা

هَيْثَمُ بْنُ مَالِكٍ الطَّائِيُّ رَفَعَ الْحَدِيْثَ قَالَ يَلِي الدَّجَّالُ بِالْعِرَاقِ سَنَتَيْنِ يُحْمَدُ فِيْهَا عَدْلُهُ وَتَشْرَأَبُّ النَّاسُ إِلَيْهِ فَيَصْعَدُ يَوْمًا الْمِنْبَرَ فَيَخْطُبُ بِهَا ثُمَّ يُقْبِلُ عَلَيْهِمْ فَيَقُوْلُ لَهُمْ مَا اَنَ لَكُمْ أَنْ تَعْرِفُوْا رَبَّكُمْ فَيَقُوْلُ لَهُ قَائِلٌ وَمَنْ رَبُّنَا فَيَقُوْلُ أَنَا فَيُنْكِرُ مُنْكِرٌ مِّنَ النَّاسِ مِنْ عِبَادِ اللهِ قَوْلَهُ فَيَأْخُذُهُ فَيَقْتُلُهُ

হায়ছাম ইবনে মালেক আত-তায়ী বর্ণনা করেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'দাজ্জাল দুই বছর ইরাক শাসন করবে। তাতে তার সুশাসন প্রশংসিত হবে এবং মানুষ তার প্রতি ধাবিত ও আকৃষ্ট হবে। দুই বছর পর একদিন সে মঞ্চে দাঁড়িয়ে ভাষণ দেবে। তখন জনতাকে উদ্দেশ করে বলবে, এখনও কি সময় আসেনি, তোমরা তোমাদের প্রভুর পরিচয় লাভ করবে? এক ব্যক্তি জিজ্ঞেস করবে, আমাদের প্রভু কে? দাজ্জাল বলবে, আমি। আল্লাহর এক বান্দা তার এই দাবি প্রত্যাখ্যান করবে। দাজ্জাল তাকে ধরে হত্যা করে ফেলবে।'[২১]

عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ سَمِعَ بِالدَّجَّالِ فَلْيَنْأَ عَنْهُ فَوَاللهِ إِنَّ الرَّجُلَ لَيَأْتِيْهِ وَهُوَ يَحْسَبُ أَنَّهُ مُؤْمِنٌ فَيَتَّبِعُهُ مِمَّا يَبْعَثُ بِهِ مِنَ الشُّبُهَاتِ

ইমরান ইবনে হুসাইন বর্ণণা করেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'যে-ই দাজ্জালের আবির্ভাবের সংবাদ শুনবে, সে-ই যেন তার থেকে দূরে থাকে। আল্লাহর শপথ, এমন ঘটনা ঘটবে যে, কোনো লোক এমন

২১. *আল-ফিতান ॥ খণ্ড : ২, পৃষ্ঠা : ৫৩৯*

অবস্থায় তার কাছে আসবে, সে নিজেকে মুমিন ভাবছে; কিন্তু এসে তার কর্মকাণ্ডে সন্দেহে নিপতিত হয়ে তার অনুসারী হয়ে যাবে।"[২২]

দাজ্জালের ফেতনা সম্পদ, সৌন্দর্য ও শক্তি– মোটকথা সকল বিষয়ে হবে। আর জগত তার সবটুকু সৌন্দর্য নিয়ে শহর-নগরে অবস্থান করে থাকে। যে-অঞ্চল শহর থেকে যত দূরে হবে, সেখানে দাজ্জালের ফেতনা তত কম হবে। উম্মে হারামের হাদীছেও এ-বিষয়টির প্রতি ইঙ্গিত রয়েছে। উক্ত হাদীছে বলা হয়েছে, মানুষ দাজ্জাল থেকে এত পলায়ন করবে যে, তারা পাহাড়ে চলে যাবে।

দাজ্জালের সঙ্গে তামীমদারি (রা.)-এর সাক্ষাত

হযরত ফাতেমা বিনতে কায়েস (রাযি.) বর্ণনা করেন, একদিন আমি নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এক ঘোষককে ঘোষণা করতে শুনলাম, 'নামায প্রস্তুত।' শুনে আমি মসজিদে চলে গেলাম এবং নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ইমামতে নামায আদায় করলাম। আমি মহিলাদের সেই সারিটিতে ছিলাম, যেটি পুরুষদের একেবারে পেছনে ছিল।

নামায সমাপ্ত করে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিটিমিটি হাসতে-হাসতে মিম্বরে উঠে বসলেন এবং বললেন, 'প্রত্যেকে নিজ-নিজ নামাযের স্থানে বসে থাকো।' তারপর বললেন, 'তোমরা কি জান, আমি তোমাদেরকে কেন সমবেত করেছি?'

সাহাবাগণ বললেন, আল্লাহ ও তাঁর রাসূলই ভালো জানেন।

এটি আমার আহ্বান সেই আহ্‌লে ইল্‌মের জন্য, যারা প্রকৃত অর্থেই নবীগণের উত্তরসূরী যে, মুজাহিদদেরকে দীন শেখানোর লক্ষ্যে আপনারা সেই বাহিনীতে শামিল হয়ে যান, যে-বাহিনীটি নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিভিন্ন হাদীছের প্রয়োগক্ষেত্র এবং যার সত্যতার ব্যাপারে কোনোই সন্দেহ নেই। সর্বোপরি যেখানে কোনো বিরোধ বা দলাদলি নেই।

এটি আহ্বান উম্মতের মায়েদের জন্য যে, তোমাদের সন্তানদের তোমাদের দু'আর প্রয়োজন। তোমাদের সাহস ও উৎসাহ প্রদান খুবই দরকার। এটি ফরিয়াদ সেই বোনদের কাছে, যারা দেখতে চায় আমাদের ভাইয়েরা আল্লাহর পথে জীবন উৎসর্গ করুক। তোমরা তোমাদের ভাইদেরকে এই বাহিনীর সৈনিক বানানোর ক্ষেত্রে তোমাদের কর্তব্য পালন করো। তাদেরকে এই মর্মে প্রস্তুত করো যে, তারা দুনিয়াদারি থেকে বের হয়ে জিহাদের দাওয়াতকে বিশ্বময় ছড়িয়ে দিক এবং সেই বাহিনীকে শক্তি জোগাক, যারা অনাগত পরিস্থিতিতে তোমাদের সম্ভ্রমের পাহারাদার। শোচনীয় পরিস্থিতিটি এসে পড়ার আগেই তোমরা তোমাদের ভাইদেরকে তোমাদের ইজ্জতের হেফাযত করার পদ্ধতি শিখিয়ে দাও। এমন যেন না হয় যে, তোমাদের সম্ভ্রমহানির কারণে কাল তোমার ভাই অনুশোচনায় মৃত্যুকে বরণ করে নিতে বাধ্য হয়।

মানুষ মাত্রই ভুল করে। কিছু ভুলের কারণে ব্যক্তিবিশেষের প্রতি আপনার বিরাগ তৈরি হতে পারে। কিন্তু এর জন্য জিহাদের প্রতি নারাজ হতে পারেন না। যে-সাথীরা এই মুহূর্তে মিশনের সঙ্গে যুক্ত হয়ে কাজ করছে, তাদের আপনি সমালোচনা করতে পারেন। কিন্তু শহীদ সাথী ও শত্রুর হাতে আটক বন্ধুদের প্রতি আপনার শ্রদ্ধাবোধ ও সমবেদনা থাকা দরকার।

মুজাহিদদের ভুল-ত্রুটির কারণে যদি জিহাদ পরিত্যাগ করা জায়েয হতো, তা হলে সবার আগে তালেবান জিহাদ পরিত্যাগ করে ঘরে ফিরে আসত। এই অজুহাতে যদি জিহাদ বর্জন করা জায়েয হতো, তা হলে আরব সাথীরা জিহাদের কথা ভুলেও মুখে উচ্চারণ করত না।

কাজেই হে ঈমানদারগণ! অভিযোগ-অনুযোগ ও সমালোচনা এসব চলতে থাকবে। কিন্তু পরে জান্নাতে গিয়ে দেখবে, কারও প্রতি কারও কোনো বিদ্বেষ নেই। তখন সবাই সবাইকে মন-প্রাণ দিয়ে ভালবাসবে। জিহাদের কাফেলা সব সময় সামনের দিকে এগিয়ে চলে। এরা পথে কোথাও থামে না। এরা কারও অপেক্ষায় প্রহর গোনে না। কাজেই লক্ষ্য রাখতে হবে, পাছে কাফেলা যেন দূরে চলে না যায়।

ধন্য সেই মুসলমান, যে নিজের সর্বস্ব বিলিয়ে জিহাদের মিশনে অংশগ্রহণ করে। আমরা মোবারকবাদ জানাচ্ছি সেই যুবকদের, যারা আফগানিস্তানে গিয়ে ইসলামের ইতিহাসের মহান যুদ্ধে অংশগ্রহণ করেছে। আল্লাহর সমীপে দু'আ করছি, যেন তিনি সব মুসলমানকে এই কাফেলার সৈনিক বানিয়ে দেন। আমীন।

ইরাক যুদ্ধ

এটি এমন একটি আন্দোলন, যার অবস্থা দ্রুতগতিতে পরিবর্তিত হচ্ছে এবং তাতে অংশ নেওয়া মুজাহিদগণ যুদ্ধে মার্কিন সেনাদের চেয়েও বেশি অভিজ্ঞ। তালেবানের পিছু হটার পর এই মুজাহিদরা অন্তরে এই আক্ষেপ নিয়ে ঘরে ফিরে এসেছিল যে, আহ, মুখোমুখি দাঁড়িয়ে শত্রুর মোকাবেলা করতে পারলাম না! কিন্তু আল্লাহ তাদের মনের আকাঙ্ক্ষা পূরণ করে দিয়েছেন। তাদের রবের পক্ষ থেকে আদেশ এসেছে, ঘরে গিয়ে আরামে বসে থাকা চলবে না; ছুটি এখনও পাওনি; এখনও তোমাদের অনেক কাজ অবশিষ্ট আছে।

পেছনে আমরা নু'আঈম ইবনে হাম্মাদের বর্ণনা উল্লেখ করেছি যে, দাজ্জাল নিজেকে খোদা বলে ঘোষণা দেওয়ার আগে দুই বছর ইরাক শাসন করবে। এই বর্ণনাটি পড়েই আপনি ইরাক রণাঙ্গনের নাজুকতা ও গুরুত্ব অনুমান করতে পারবেন। তা ছাড়া ফোরাত ও ইরাকের অবশিষ্ট অঞ্চল সম্পর্কে যেসব হাদীছ আছে, তাও মুসলমানদেরকে বহু ভাবনার আহ্বান জানাচ্ছে।

ইরাকের এই গুরুত্বকে সামনে রেখে সকল ইবলিসি শক্তি ঐক্যবদ্ধ হয়ে সর্বপ্রথম এই দেশটির উপর দখলদারিত্ব প্রতিষ্ঠিত করেছে। ইরাকের পূর্বে ইস্‌ফাহান (ইরান), উত্তরে তুরস্ক, উত্তর-পশ্চিমে সিরিয়া, দক্ষিণে সৌদি আরব, দক্ষিণ-পূর্বে পারস্য উপসাগর আর পশ্চিমে উরদুন (জর্ডান)। এভাবে ভৌগোলিক দিক থেকে ভবিষ্যৎ পরিস্থিতিতে ইরাক কেন্দ্রের মর্যাদা রাখে।

বর্তমানে ইরাকে বিদ্যমান মুজাহিদগণ ভবিষ্যতে মক্কা থেকে নিয়ে বায়তুল মুকাদ্দাস পর্যন্ত এবং খোরাসান থেকে নিয়ে আলগুতা ও আ'মাক পর্যন্ত সরবরাহের কাজ আঞ্জাম দেবে এবং শত্রুবাহিনীর সরবরাহ ও সেনাবহরের জন্য ভবিষ্যতে খোদায়ী গজবরূপে আবির্ভূত হবে। আল্লাহ ঘোষণা দিয়ে রেখেছেন, 'কাফেররা তাদের কৌশল ঠিক করে আর আমি আমার কৌশল ঠিক করি।'

ইরাকের বর্তমান পরিস্থিতি গাফলতের ঘুমে বিভোর আরবদেরকে জাগিয়ে তুলেছে। এখন সেখানে প্রকাশ্যে মিম্বর ও মেহরাব থেকে জিহাদের ধ্বনি উচ্চারিত হচ্ছে। রাজতন্ত্রের শিকল জনসাধারণের জিহাদি চেতনাকে বেশিদিন দমিয়ে রাখতে পারবে না। আরব জনসাধারণের চেতনা ও আল্লাহওয়ালাদের তাকবীর ধ্বনিতে আরব রাজতন্ত্রের দুর্গগুলো মুখ থুবড়ে পড়ে যাওয়ার উপক্রম হয়েছে। আল্লাহর প্রিয় বান্দাদের রক্ত প্রায়শ্চিত্যের রূপ ধারণ করে অতিশীঘ্র ইসলামের শত্রুদের কুপোকাত করতে যাচ্ছে। জামেয়া আযহারের শিক্ষকগণ এখন এমনসব কথা প্রকাশ্যে ব্যক্ত করছেন, যেসব কথা ইতিপূর্বে তাদের মুখ থেকে বের হওয়ার সম্ভাবনা কল্পনাও করা যেত না। এই ঘটনা থেকেই আরব বিশ্বের পরিবর্তনশীল পরিস্থিতির বাস্তবতা অনুমান করা যায়।

জামেয়া আযহারের এক শিক্ষক মিসরের একটি জাতীয় টিভি চ্যানেলে ঘোষণা করেছেন, ইহুদিদের সঙ্গে বোঝা-পড়ার একটিই পথ। তা হলো, ওদেরকে যেখানে পাও হত্যা করো। এক ব্যক্তি প্রশ্ন করেছে, শায়খ, এর দ্বারা আপনার উদ্দেশ্য কি বাস্তবিকই হত্যা করা? উত্তরে তিনি প্রত্যয়দীপ্ত কণ্ঠে বলেছেন, 'জি'।

চেচেন জিহাদ

যারপরনাই সুসংগঠিত একটি ইসলামি আন্দোলন। এই আন্দোলন মস্কোকে অনিরাপদ বানিয়ে দিতে সক্ষম হয়েছে। এখানে বসবাসকারী লোকদের সম্পর্ক সেই জাতির সঙ্গে, যারা দীর্ঘ একটি সময় ইসলামি পতাকাকে সমুন্নত রেখেছিল এবং পৃথিবীর বিভিন্ন মহাদেশ– এশিয়া, আফ্রিকা ও ইউরোপে ইসলামের ঝাণ্ডা উড্ডীন করেছিল। চেচেন মুজাহিদদের সম্পর্ক তুর্কি জাতির সঙ্গে, যার বিভিন্ন গোত্র সমস্ত মধ্য এশীয় রাষ্ট্রগুলোতে দাঁড়িয়ে রয়েছে। তাদের আত্মমর্যাদা, সাহসিকতা ও বীরত্ব অনুমান করার জন্য একটি উপমা-ই যথেষ্ট যে, কম্যুনিষ্ট বিপ্লবের পর কম্যুনিষ্টরা তাদের উপর এমন ঘৃণ্যতর নিপীড়ন চালিয়েছিল যে, তারা ৭০ বছর যাবত তাদেরকে গোলাম বানিয়ে রেখেছিল এবং কোনো মুসলমানকে মুসলমানি নাম পর্যন্ত রাখতে দেয়নি। কিন্তু মাওলানা আবুল হাসান আলী নদবির ভাষায়, এই পরিস্থিতিতে নিজেদের ঈমান রক্ষাকারী জাতিটি হলো এই তুর্কি জাতি। এহেন কঠিন পরিস্থিতিতেও তারা বংশপরম্পরায় নিজেদের ঈমান বাঁচিয়ে রেখেছে। বর্তমানে ফরগানার উপত্যকা উজবেকিস্তানেও ইসলামি

শাসন প্রতিষ্ঠার আন্দোলন চলছে। ইহুদিরা আশঙ্কা করছে, যদি চেচেন আন্দোলন সফল হয়ে যায়, তা হলে সমস্ত মধ্য এশিয়ায় ইসলামি আন্দোলন ছড়িয়ে পড়বে, যার পর রাশিয়ার অবশিষ্ট অস্তিত্বটুকুও বিলীন হয়ে যাবে।

এই ভূখণ্ডটি সব ধরনের উপকরণে সমৃদ্ধ। খনিজ উপকরণের মধ্যে গ্যাস ও ইউরেনিয়ামের মতো সম্পদের এখানে বিপুল মজুদ রয়েছে। তা ছাড়া আল্লাহপাক এই ভূখণ্ডটিকে জনশক্তি ও উর্বর জমি দ্বারা সমৃদ্ধ করেছেন। এটি সেই অঞ্চল, যেখানে ইমাম বুখারি ও ইমাম তিরমিযির মতো হাদীছবিশারদ ও মুসলিম বিশ্বের বড়-বড় ফকীহ ও সূফী জন্মগ্রহণ করেছেন, যাদের বদৌলতে আজ আমরা ইসলামি শিক্ষার মতো মহামূল্যবান নেয়ামত লাভে ধন্য হচ্ছি। এই সমস্ত অঞ্চলকে মা-অরাউন্নাহুর (আমু নদীর ওপারের এলাকা) বলা হয়। আলেমগণ এই নামটির সঙ্গে ভালোভাবেই পরিচিত আছেন।

ফিলিপাইন জিহাদ

ফিলিপাইন এমন একটি ভূখণ্ড, যেখানে ইহুদি পরিকল্পনার পথে কোনো প্রতিবন্ধকতা ছিল না। ওখানে বসে তারা সমগ্র দক্ষিণ-পূর্ব এশিয়ার উপর তাদের নিয়ন্ত্রণ পরিচালনা করছিল। কিন্তু ফিলিপাইন আন্দোলন তাদের পরিকল্পনার পথে বিরাট এক প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়ে গেছে। এটি এমন একটি ভূখণ্ড, যেখানে বড়-বড় ইহুদিরা এসে তাদের মিশন বাস্তবায়িত করছে। ফিলিপাইন জিহাদ তাদের পরিকল্পনাগুলোকে পুরোপুরি নস্যাৎ করতে না পারলেও অনেক ক্ষতিগ্রস্ত করে দিয়েছে নিঃসন্দেহে।

কাজেই ফিলিপাইন জিহাদ ইবলিসি শক্তিগুলোর দৃষ্টিতে বড় একটি সমস্যা। কারণ, এই আন্দোলন পুরোপুরি ইসলামের রঙে রঙিন আন্দোলন এবং বিজ্ঞ আলেমগণই এর নেতৃত্ব দিচ্ছেন। ফিলিপাইন, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া এই রাষ্ট্রগুলোতে জনগণের মাঝে দীনের প্রতি অনেক ঝোঁক আছে। ফলে ষড়যন্ত্রের মাধ্যমে ইহুদিরা তাদেরকে পশ্চাৎপদ রাখতে চেষ্টা করছে। কিন্তু এখন জিহাদের আলোকরশ্মি এই ভূখণ্ডে বসবাসকারী মুসলমানদের হৃদয়গুলোকে নতুন এক আলোতে উজ্জ্বল করে তুলেছে এবং পরিস্থিতি দ্রুতগতিতে ইসলামের অনুকূলে চলে আসছে।

কাশ্মির জিহাদ

কাশ্মির জিহাদ ও ফিলিস্তিন জিহাদের মাঝে অনেকটাই মিল পাওয়া যায়। ফিলিস্তিন জিহাদ যেমন ইহুদিদের আন্তর্জাতিক পরিকল্পনাসমূহের পথে বিরাট এক প্রতিবন্ধক, অনুরূপ এই ভূখণ্ডে যতদিন কাশ্মির জিহাদ চালু ছিল, ততদিন পর্যন্ত ইহুদিরা এই অঞ্চলে তাদের আন্তর্জাতিক পরিকল্পনাসমূহ কখনোই বাস্তবায়ন

করতে পারেনি। বর্তমানে ইহুদি পরিকল্পনার পথের সর্বশেষ প্রতিবন্ধকটি হলো জিহাদি চেতনা ও পারমাণবিক বোমার অধিকারী পাকিস্তান। আর তাদের ধারণা অনুযায়ী পাকিস্তান থেকে জিহাদি চেতনা ও পারমাণবিক বোমা ধ্বংস করতে হলে কাশ্মির জিহাদকে নস্যাৎ করা ইহুদীদের এক অপরিহার্য কাজ।

ইবলিসি শক্তিগুলো কাশ্মির জিহাদের এই গুরুত্ব সম্পর্কে ভালোভাবেই অবহিত ছিল যে, এই জিহাদের বদৌলতে শুধু এখানেই নয়, বরং সমগ্র পৃথিবীতে জিহাদের পরিবেশ তৈরি হচ্ছে। ফলে এই ধারা যদি অব্যাহত থাকে, তা হলে অনাগত বংশধর জিহাদের স্লোগানের মধ্যেই প্রতিপালিত হবে। কাজেই বিশ্ব কুফরিশক্তি অন্য কোনো আন্দোলনের আগে এই আন্দোলনটিকে ধ্বংস করা আবশ্যক সাব্যস্ত করেছে।

পৃথিবীর সবচেয়ে বেশি নিপীড়িত জাতিগুলোর একটি হলো কাশ্মির জাতি, যার সঙ্গে প্রতি যুগে এত বেশি নিপীড়নমূলক আচরণ করা হয়েছে, পৃথিবীর ইতিহাসে অন্য কোনো জাতির সঙ্গে যেমনটি করা হয়নি। এরা এমন একটি জাতি যে, কখনও তার লাশের উপর বাণিজ্যিক প্রাসাদ নির্মিত হয়েছে, আবার কখনও জীবিতদেরকে ভেড়া-বকরির মতো মানবতার বাজারে বিক্রি করা হয়েছে। তাও আবার জীব-জন্তুদের চেয়েও কম দামে।

আল্লাহ যখন কোনো জাতিকে নির্বাচিত করেন, তখন তাকে মাটির গভীরতম তল থেকে বের করে আকাশের উচ্চতায় পৌঁছিয়ে দেন। এই জাতিটিকেও আল্লাহ পাক জিহাদের জন্য নির্বাচিত করেছেন। বিশ্লেষকদের বিশ্লেষণ, মানবীয় মনস্তত্ত্ববিদদের গবেষণা, দার্শনিকদের দর্শন এই জাতিটির ব্যাপারে সে-সময় ভুল প্রমাণিত হয়েছে, যখন তারা জিহাদের পতাকাকে উড্ডীন করেছে। মনস্তত্ত্ববিদরা এই দৃশ্য দেখে বিস্মিত ও বিচলিত হয়ে উঠেছিল যে, আরে, এরাই কি সেই কাশ্মিরি জাতি, যাদের একজনমাত্র সৈনিক একটিমাত্র লাঠির জোরে বকরির পালের মতো একে হাঁকিয়ে নিয়ে যেত? যাদের জীবিত সদস্যদেরকে জীবজন্তুর মতো নিলাম করে দেওয়া হতো? এই জাতি যখন জিহাদের ধ্বনি তুলে আল্লাহর সন্তুষ্টির খাতিরে নিজেদের জীবনগুলোকে এপথে উপস্থাপন করতে শুরু করল, তখন বিবেক থমকে গেল, সকল বিশ্লেষণ-পর্যালোচনা ভুল প্রমাণিত হয়ে গেল।

বিশ্বব্যাপী চলমান ইসলামি আন্দোলনগুলোকে যদি অধ্যয়ন করা হয়, তা হলে এ বিষয়টি সপ্রমাণিত হয় যে, ত্যাগের দিক থেকে আফগান জিহাদের পর সবচেয়ে বেশি কুরবানি দিচ্ছে কাশ্মিরিরা। চৌদ্দটি বছর পর্যন্ত আপন ভিটেয় গেরিলা যুদ্ধ পরিচালনা করা যেকোনো জাতির পক্ষে সম্ভব নয়।

কাশ্মির জিহাদ শুধু ব্রাহ্মণদেরই নয় – ইহুদিদেরও চোখের ঘুম হারাম করে দিয়েছে। এটিও হৃদয়কাঁপানো অগণিত কুরবানিরই প্রতিফল। যারা এই জাতির ত্যাগ-কুরবানিকে কাছে থেকে দেখেছে, তারা জানে, ত্যাগ-কুরবানির কত

ময়দানে এরা কত জাতিকে পেছনে ফেলে দিয়েছে। তা ছাড়া এই আন্দোলন সমবেদনা ও সাহায্য-সহযোগিতার এজন্য বেশি হকদার যে, এটি পৃথিবীর সবচেয়ে বেশি নিপীড়িত আন্দোলন। এই আন্দোলনের সঙ্গে যেসব আচরণ হয়েছে, হচ্ছে ও হবে, তেমনটি সম্ভবত অন্য কোনো আন্দোলনের সঙ্গে হয়নি। কী বিস্ময়কর ব্যাপার যে, ইসলামের শত্রুরা এই আন্দোলনকে কেমন গভীরতার সঙ্গে বুঝেছে এবং কত দ্রুত এর বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে ফেলেছে! কিন্তু মুসলমান আজও এই আন্দোলনটি বুঝতে সক্ষম হয়নি। হাজার-হাজার শহীদের রক্তও তাদের চোখের ধাঁধা অপসারিত করতে সক্ষম হয়নি।

এই মুহূর্তে কাশ্মির জিহাদ যেসব সমস্যা ও ঝুঁকির সম্মুখীন, তার জন্য বিজাতিদের ষড়যন্ত্রের তুলনায় আপনদের অবহেলা ও দায়িত্বহীনতা-ই বেশি দায়ী। নিজেদের এই অনৈক্যের ফলে আজ ভারত তার মনোবাঞ্ছা পূরণের লক্ষ্যে আমাদেরকে আলোচনার ধাঁধায় ঘুরপাক খাইয়ে চলেছে। আমাদের কন্যাদের মাথার ওড়না ভারতীয় বেনিয়াদের হাতে বিক্রি করে যাচ্ছে আর আমরা বিভোর চোখে বসে-বসে কেবল তামাশা দেখছি! সর্বত্র কবরের নীরবতা, অসারতা আর হৃদয়হীনতার রাজত্ব বিরাজ করছে।

রক্ত আমাদের ভুলিয়ে দিয়ো না

পাকিস্তানের আত্মমর্যাদাশীল মুজাহিদগণ তাদের কাশ্মির মুজাহিদ ভাইদের সঙ্গে প্রতিজ্ঞাবদ্ধ হয়েছিল যে, রক্তের শেষ ফোঁটাটি অবশিষ্ট থাকা পর্যন্ত জিহাদ চালিয়ে যাব। জীবনের শেষ নিঃশ্বাসটি পর্যন্ত ময়দান গরম রাখব। হাত অবশ হয়ে যাবে যাক, পায়ে ফোস্‌কা পড়বে পড়ুক, তবু গন্তব্যপানে সফর অব্যাহত রাখা হবে। শরীরের টকটকে লাল রক্ত দ্বারা প্রজ্বালিত প্রদীপগুলোকে তারা কখনও নিভতে দেবে না।

কাশ্মিরিরা এখনও তাদের প্রতিজ্ঞার উপর অটল আছে। বয়সের ভারে পা দুখানা দুর্বল হয়ে গেছে, তবু সফর চালু রাখতে দৃঢ়প্রতিজ্ঞ। আলোর শত্রু অন্ধকার সেই বাতিগুলোর উপর আক্রমণ শুরু করে দিয়েছে। কিন্তু তারপরও তারা সেগুলোকে নিভতে দেয়নি। কাশ্মিরিরা তাদের প্রতিজ্ঞা পালন করে যাচ্ছে এবং উন্‌দুলুসের সেই যুবকদের মতো শেষ নিঃশ্বাসটি পর্যন্ত দাঁড়িয়ে থাকতে সচেষ্ট রয়েছে, যারা আমীর গারনাতা আবদুল্লাহর সাহসহীনতা ও কাপুরুষতা সত্ত্বেও ইসলাম ও মাতৃভূমির সুরক্ষায় জিহাদ চালিয়ে গিয়েছিল এবং আপন প্রভুর দরবারে অবনত হয়ে বিজয়ের আশায় বুক বেঁধে ছিল।

কাশ্মিরি মুজাহিদরাও শেষ নিঃশ্বাসটি পর্যন্ত এই প্রতিজ্ঞা বাস্তবায়ন করে যেতে থাকবে। কারণ, তারা জানে, জিহাদে সফলতা শুধু অঞ্চলজয়ের নাম নয়। বরং এটি বিশ্বাসের যুদ্ধ। যারা শেষ মুহূর্ত পর্যন্ত বিশ্বাসের উপর অটল থাকে, তাদেরই

সফল ও বিজয়ী বলা হয়। কাশ্মিরি মুজাহিদদের সামনে ইসলামের ইতিহাস আছে। সেই ইতিহাসে তারা পড়েছে, পৃথিবীর ক্ষুদ্র-থেকে-ক্ষুদ্রতর ঐতিহাসিকও মীর জাফর ও মীর সাদেককে সফল আখ্যায়িত করেনি। বরং জগত তাদেরকেই সফল বলছে, যারা নিজেদের দেহগুলোকে মিটিয়ে দিয়েছে বটে; কিন্তু চিন্তা-চেতনা ও বিশ্বাসকে বাঁচিয়ে রেখেছে। বেঁচে থাকব তো বিশ্বাস নিয়ে বেঁচে থাকব। জীবন যাবে, তো বিশ্বাসের জন্য যাবে। এটি কোনো রাজনৈতিক যুদ্ধ নয়। ইসলাম এ-কারণেই এর নাম দিয়েছে 'জিহাদ'।

তাগুতি শক্তিগুলো আমাদের সঙ্গে এজন্য লড়াই করছে, যেন আমরা আল্লাহর প্রভুত্বের ধারণা মন থেকে ঝেড়ে ফেলে দিয়ে তাদের ওয়াল্ড অর্ডারের সম্মুখে মাথা নত করি। বিপরীতে আমাদের দৃঢ় সিদ্ধান্ত হলো, এমনটি কখনই হওয়ার নয়। এই দ্বন্দ্বে যদি আমাদের জীবনও চলে যায়, তা হলে যাবে এই অবস্থায় যে, আমরা আমাদের বিশ্বাস ও চিন্তা-চেতনার উপর অটল আছি। অথচ বাতিল আমাদের সঙ্গে এই লক্ষ্যে লড়েছিল, যেন তারা আমাদেরকে আমাদের বিশ্বাস থেকে সরিয়ে দেবে। কাজেই ওহে বিবেকবান মানুষ, একটু বলো তো দেখি, মুজাহিদরা যদি কোনো ভূখণ্ডে লড়াই করতে-করতে শহীদ হয়ে যায়, তা হলে ইনসাফের সঙ্গে সিদ্ধান্ত দাও, বিজয়ী কে হলো – আমরা, নাকি আমাদের শত্রুরা? অতএব, কাশ্মিরের মুজাহিদগণও ইনশাআল্লাহ জয়ী হওয়াকেই বরণ করে নেবে। তারা আপন চিন্তা-চেতনা ও বিশ্বাসের জন্য জীবন কুরবান করে জয়যুক্ত হবে।

কাশ্মির জিহাদ শুধু কাশ্মিরিদের বিষয় নয় – এটি হিন্দুস্তানের ২৫ কোটি মুসলমান ও চৌদ্দ কোটি পাকিস্তানির শান্তি, নিরাপত্তা ও অস্তিত্বের গ্যারান্টি। ভারত যদি কাশ্মির জিহাদে জয়ী হয়ে যায়, তা হলে তার পরে তাদের অপবিত্র পরিকল্পনার পথে আর কোনো প্রতিবন্ধকতা অবশিষ্ট থাকবে না।

পবিত্র কুরআনে আল্লাহপাক মুসলমানদেরকে কাফেরদের শত্রুতা ও তাদের নাপাক পরিকল্পনা সম্পর্কে অবহিত করেছে। আল্লাহপাক বলছেন :

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا بِطَانَةً مِنْ دُونِكُمْ لَا يَأْلُونَكُمْ خَبَالًا وَدُّوا مَا عَنِتُّمْ قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِنْ أَفْوَاهِهِمْ وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ قَدْ بَيَّنَّا لَكُمُ الْآيَاتِ إِنْ كُنْتُمْ تَعْقِلُونَ

'ওহে যারা ঈমান এনেছ! তোমরা তোমাদের আপনজন ব্যতীত আর কাউকে অন্তরঙ্গ বন্ধুরূপে গ্রহণ করো না। তারা তোমাদের অনিষ্ট করতে ত্রুটি করবে না। যা তোমাদের বিপন্ন করে, তারা তা-ই তোমাদের জন্য কামনা করে। তাদের মুখে বিদ্বেষ প্রকাশ পায় এবং তাদের হৃদয় যা গোপন রাখে, তা আরও জঘন্য। আমি নিদর্শনগুলো তোমাদের জন্য বিষদভাবে বর্ণনা করে দিলাম; যদি তোমরা অনুধাবন কর।'[৬০]

---

৬০. *সূরা আলে ইমরান ॥ আয়াত : ১১৯*

কাজেই যাদের অন্তরে ঈমানের কিরণ জীবিত আছে, যারা মসজিদ-মাদরাসার অস্তিত্ব টিকিয়ে রাখতে ইচ্ছুক, যারা নিজেদেরকে আপন বোন-কন্যাদের সম্ভ্রমের প্রহরী মনে করছে, যাদের শিরায় দেশপ্রেমের রক্ত প্রবহমান, তাদের জন্য দেশ ও জাতির সুরক্ষার ব্যাপারে সামান্যতম অলসতাও শোভা পায় না।

হাদীছগুলোতে বর্ণিত ঘটনাবলির সারাংশ

নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত মাহ্‌দি ও দাজ্জাল-বিষয়ক ঘটনাগুলোকে ধারাবাহিকভাবে বর্ণনা করেননি। সেজন্য ঘটনাগুলো ধারাবাহিকতার ব্যাপারে নিশ্চিতভাবে কিছু বলা সম্ভব নয়। যে-বছরটিতে হযরত মাহ্‌দির আত্মপ্রকাশ ঘটবে, নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেই বছরটির কিছু লক্ষণ বর্ণনা করেছেন। কিন্তু এখানে আমি আবারও স্মরণ করিয়ে দিচ্ছি যে, ঘটনাগুলোর ধারাবাহিকতা সুনিশ্চিত নয়।

হযরত মাহ্‌দির আত্মপ্রকাশের নিকটতম ঘটনাসমূহ

হযরত মাহ্‌দির আত্মপ্রকাশ যিলহজ মাসে ঘটবে। তার আগে পবিত্র আত্মাকে শহীদ করে দেওয়া হবে। আরবের কোনো এক রাজার মৃত্যু ঘটবে এবং সেই মৃত্যুকে কেন্দ্র করে বিরোধ তৈরি হবে। রমযানে ভয়ানক আওয়াজ আসবে। যিলকদ (যিলহজের আগের মাস) মাসে আরব গোত্রগুলোর মাঝে অনৈক্য দেখা দেবে, যার ফলে যুদ্ধ-বিগ্রহ হবে। হজের সময় হাজীদের লুণ্ঠন করা হবে এবং তাদের গণহারে হত্যা করা হবে। শামে (তথা জর্ডান, ইসরাইল ও সিরিয়া এই তিন রাষ্ট্রের কোনো একটিতে) সুফিয়ানি নেতৃত্বের আসনে অধিষ্ঠিত হবে এবং ঈমানদারদের উপর অত্যাচারের স্টীমরোলার চালাবে। ফোরাতের তীরে যুদ্ধ সংঘটিত হবে।

মহাযুদ্ধের বিভিন্ন রণক্ষেত্র

হিন্দুস্তানের যুদ্ধ ও রোমানদের সঙ্গে যুদ্ধবিষয়ক হাদীছগুলো দ্বারা প্রমাণিত হচ্ছে, হযরত মাহ্‌দির আত্মপ্রকাশের সময় কাফের ও মুসলমানদের সংঘটিতব্য যুদ্ধগুলোর মধ্যে দুটি বড় রণাঙ্গন হবে। প্রথমটি হবে আরবের গোটা ভূখণ্ড, যেখানে বিভিন্ন স্থানে মুজাহিদ ও কাফেরদের মাঝে যুদ্ধ সংঘটিত হবে। তার মধ্যে ফিলিস্তিন, ইরাক ও শাম বিশেষভাবে উল্লেখ্য। এই রণাঙ্গনে হযরত মাহ্‌দির হেডকোয়ার্টার হবে দামেশ্‌কের সন্নিকটস্থ আলগুতা নামক স্থানে, যেখান থেকে তিনি সকল মুজাহিদের কমান্ড করবেন। অপর ক্ষেত্রটি হবে হিন্দুস্তানের রণাঙ্গন। হাদীছে এই রণাঙ্গনের হেডকোয়ার্টারের নাম উল্লেখ নেই।

আরবের রণাঙ্গন

বিভিন্ন হাদীছের আলোকে আরব রণাঙ্গনের ক্রমধারা মোটামুটি এরূপ দাঁড়ায়–

হযরত মাহ্‌দির আত্মপ্রকাশের সংবাদ পাওয়ামাত্র তাঁর বিরুদ্ধে একটি বাহিনী রওনা হবে, যারা বায়দা নামক স্থানে ধসে যাবে। এই সংবাদ শুনে শামের আবদাল ও ইরাকের অলিগণ হযরত মাহ্‌দির সঙ্গে যুক্ত হয়ে যুদ্ধ করার লক্ষ্যে এই বাহিনীতে এসে শামিল হয়ে যাবেন। তারপর এক কুরাইশি – যে সুফিয়ানি নামে পরিচিত হবে – নেতার আবির্ভাব ঘটবে। হযরত মাহ্‌দি তার বাহিনীর সঙ্গে যুদ্ধ করবেন। এই যুদ্ধের নাম হবে 'কাল্‌ব যুদ্ধ'। এই যুদ্ধে মুসলমানরা জয়ী হবে। তারপর হযরত মাহ্‌দি দামেশ্‌কের সন্নিকটে আলগুতা নামক স্থানে পৌঁছে হেডকোয়ার্টার তৈরি করবেন। ইয়েমেন ও খোরাসান থেকে মুজাহিদ বাহিনী আসবে। রোমান খ্রিস্টানরা মুসলমানদের সঙ্গে শান্তিচুক্তি করবে। তারপর উভয় সেনাদল মিলে পেছনের সম্মিলিত শত্রুবাহিনীর সঙ্গে যুদ্ধ করবে ও জয়ী হবে।

তারপর খ্রিস্টানরা চুক্তি ভঙ্গ করবে এবং সমস্ত কাফের পুনরায় একত্র হয়ে আসবে। তারা আ'মাকে (যার আরেক নাম দাবিক) অবতরণ করবে এবং মুসলমানদের কাছে তাদের কাঙ্ক্ষিত ব্যক্তিদের দাবি জানাবে। তারপর আ'মাকে ঘোরতর লড়াই হবে। এই যুদ্ধে আল্লাহ মুজাহিদদের বিজয় দান করবেন। তারপর মুসলমানরা রোমের দিকে যাবে এবং রোম জয় করে নেবে। ওখানে তারা দাজ্জালের আবির্ভাবের সংবাদ পাবে। ফলে তারা ওখান থেকে ফিরে আসবে।

দাজ্জাল তার বিরোধী রাষ্ট্রগুলোতে ধ্বংসযজ্ঞ ছড়িয়ে দেবে। এই সময়টি মুসলমানদের জন্য বিরাট পরীক্ষা ও পেরেশানির সময় হবে। এক-তৃতীয়াংশ মুসলমান জিহাদ ত্যাগ করে দুনিয়াদারির পেছনে ছুটতে শুরু করবে। এক-তৃতীয়াংশ দাজ্জালের সঙ্গে যুদ্ধ করে শহীদ হয়ে যাবে। অবশিষ্ট এক-তৃতীয়াংশ দাজ্জালের কঠিন অবরোধে আটকা পড়বে। তারা ক্ষণে-ক্ষণে দাজ্জালের বাহিনীর উপর আক্রমণ চালাতে থাকবে। অবশেষে যখন চূড়ান্ত আক্রমণের প্রস্তুতি নিতে শুরু করবে, এমন সময় ঈসা ইবনে মারয়ামের অবতরণের ঘটনা ঘটে যাবে।

হিন্দুস্তানের রণাঙ্গন

অপরদিকে হিন্দুস্তানের রণাঙ্গনে মুজাহিদগণ হিন্দুদের বিরুদ্ধে যুদ্ধরত থাকবে। হাদীছে এই যুদ্ধক্ষেত্রটির বিস্তারিত বিবরণ আসেনি। তবে এই অঞ্চলে বিদ্যমান শত্রুপক্ষের অবস্থাদৃষ্টে অনুমান করা যায়, এই রণাঙ্গনটিও যারপরনাই ভয়ানক হবে। শুরুতে মুসলমানদেরকে অনেক সংকটের মুখোমুখি হতে হবে। তারপর মুজাহিদরা হিন্দুদেরকে পরাজিত করে কেবলই সামনের দিকে অগ্রসর

হতে থাকবে। এভাবে তারা সমগ্র হিন্দুস্তানে ইসলামের পতাকা উড্ডীন করে দেবে। তারা হিন্দুদের বড়-বড় নেতা ও সেনাপতিদেরকে জীবিক গ্রেফতার করে নিয়ে আসবে। যুদ্ধ সমাপ্ত করে যখন ফিরে আসবে, তখনই সংবাদ পাবে, ঈসা ইবনে মারয়াম এসে পড়েছেন।

হযরত ঈসা (আ.) মুজাহিদদের নেতৃত্ব হাতে তুলে নেবেন এবং দাজ্জাল-বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করবেন। আল্লাহর শত্রু অভিশপ্ত দাজ্জাল হযরত ঈসা (আ.)-কে দেখে পালিয়ে যাবে। কিন্তু ঈসা (আ.) 'লুদ্' নামক স্থানে তাকে হত্যা করবেন। তারপর ইয়াজুজ-মাজুজের আত্মপ্রকাশ ঘটবে এবং তারা সর্বত্র ছড়িয়ে পড়বে। আল্লাহ তা'আলা হযরত ঈসা (আ.)-কে আদেশ করবেন, আমার বান্দাদেরকে নিয়ে তুমি তূর পাহাড়ে চলে যাও। সেমতে ঈসা (আ.) মুসলমানদের নিয়ে তূর পাহাড়ে চলে যাবেন। সেখানে তিনি আল্লাহর নিকট দু'আ করবেন। আল্লাহ ইয়াজুজ-মাজুজদের ঘাড়ে একটি করে ফোড়া সৃষ্টি করে দেবেন, ফলে তারা সবাই প্রাণ হারাবে। তারপর আল্লাহ বৃষ্টি দ্বারা সমস্ত অঞ্চলকে পরিষ্কার করে দেবেন।

এই ঘোরতর যুদ্ধগুলোর পর সমগ্র বিশ্বে ইসলামি শাসন প্রতিষ্ঠিত হয়ে যাবে। সর্বত্র শান্তি ও নিরাপত্তা তৈরি হবে। মানুষের জীবনে কোনো অশান্তি ও অস্থিরতা থাকবে না। কারও দ্বারা কেউ কষ্ট পাবে না। ভূমি তার ধনভাণ্ডারকে বাইরে বের করে দেবে। আকাশ থেকে বৃষ্টি বর্ষিত হবে। এভাবে চল্লিশ বছর পর্যন্ত এই ধারা চলতে থাকবে। তারপর আস্তে-আস্তে পৃথিবী থেকে ঈমানদারগণ উঠে যেতে শুরু করবে। অবশেষে যখন কেয়ামত আসবে, তখন শুধু কাফেরদের উপরই কিয়ামত সংঘটিত হবে।

পবিত্র কুরআনে দাজ্জালের আলোচনা

দাজ্জাল বিষয়ে মাথায় একটি প্রশ্ন জাগে, দাজ্জালের ফেতনা যদি এতই গুরুতর হবে, তা হলে কুরআন কেন বিষয়টি বর্ণনা করেনি? আলেমগণ এই প্রশ্নের নানা উত্তর দিয়েছেন। বুখারি শরীফের ব্যাখ্যাগ্রন্থ ফাতহুল বারীতে আল্লামা ইবনে হাজর আসকালানি লিখেছেন, 'এর একটি উত্তর হলো, পবিত্র কুরআনে দাজ্জালের উল্লেখ আছে।'

যেমন বলা হয়েছে :

يَوْمَ يَأْتِي بَعْضُ اٰيَاتِ رَبِّكَ لَا يَنْفَعُ نَفْسًا اِيْمَانُهَا

'যেদিন আপনার রবের কিছু নিদর্শন আসবে, সেদিন কারও ঈমান তার কোনো উপকার করবে না।'[৬১]

৬১. *সূরা আন'আম ॥ আয়াত : ১৫৮*

তিরমিযি শরীফে হযরত আবু হুরায়রা (রাযি.) থেকে বর্ণিত আছে, তিনটি বিষয় এমন আছে, যখন সেগুলো আত্মপ্রকাশ করবে, তখন ইতিপূর্বে মুমিন ছিল না এমন ব্যক্তির ঈমান আনয়ন তাকে কোনো উপকার দেবে না। সেই বিষয় তিনটি হলো– দাজ্জাল, দাব্বা ও পশ্চিম দিক থেকে সূর্য উদিত হওয়া। ইমাম তিরমিযি এই আয়াতটিকে সহীহ বলে মন্তব্য করেছেন।

তো বোঝা গেল, উল্লিখিত আয়াতটিতে দাজ্জালেরও আলোচনা রয়েছে। কেননা, নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদীছ হলো কুরআনের তাফসীর। তাফসীরে কাবীতে আছে, দাজ্জালের আলোচনা কুরআনে এসেছে। আর তা হলো এই আয়াত :

لَخَلْقُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ اَكْبَرُ مِنْ خَلْقِ النَّاسِ

'অবশ্যই আকাশমণ্ডলি ও পৃথিবীর সৃষ্টি মানুষ সৃষ্টি অপেক্ষা বড় কাজ।'

এখানে 'আন্‌নাস' দ্বারা উদ্দেশ্য দাজ্জাল।[৬২]

এছাড়া আবু দাউদের ব্যাখ্যাগ্রন্থ আওনুল মা'বূদে আছে, لِيُنْذِرَ بَأْسًا شَدِيْدًا (যাতে তিনি তাদেরকে কঠিন শাস্তির ভয় দেখান) পবিত্র কুরআনের এই আয়াতে মহান আল্লাহ 'রা'সুন' শব্দটিকে 'কঠোরতা' বিশেষণে বিশেষিত করেছেন এবং বিষয়টিকে নিজের পক্ষ থেকে সাব্যস্ত করেছেন। কাজেই দাজ্জালের রব হওয়ার দাবি, তার ফেতনা ও শক্তির কারণে একথা বলা সঙ্গত যে, এই আয়াত দ্বারা উদ্দেশ্য দাজ্জাল।

দাজ্জালের ফেতনা ও ঈমানের হেফাযত

অন্ধকার ফেতনার ভয়ানক প্রতিচ্ছবি দিন-দিন মানবতাকে গ্রাস করে চলছে। ঈমানওয়ালাদের জন্য এটি কঠিন পরীক্ষার মুহূর্ত। কুফরের পক্ষ থেকে এদিক বা ওদিকের ঘোষণা প্রচার করে দেওয়া হয়েছে। প্রত্যেক মুসলমানকে একটি বিষয় বুঝে নেওয়া আবশ্যক যে, পরীক্ষার এই হলটি অতিক্রম করা ব্যতীত জান্নাত ও জাহান্নামের ফয়সালা হতে পারে না।

পবিত্র কুরআনে আল্লাহ পাক বলেন :

اَمْ حَسِبْتُمْ اَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَعْلَمِ اللّٰهُ الَّذِيْنَ جٰهَدُوْا مِنْكُمْ وَيَعْلَمَ الصّٰبِرِيْنَ

'তোমরা কি মনে করছ যে, তোমরা জান্নাতে প্রবেশ করবে; অথচ এখনও আল্লাহ জেনে নেননি যে, তোমাদের কে জিহাদ করেছে আর কারা দৃঢ়পদ।'[৬৩]

৬২. *ফাতহুল বারী ॥ খণ্ড : ১৩, পৃষ্ঠা : ১৯২*
৬৩. *সূরা আলে ইমরান ॥ আয়াত : ১৪২*

এটি আল্লাহপাকের বিধান। আল্লাহর বিধান কখনও পরিবর্তন হয় না। আপনি হযরত মাহ্‌দি ও দাজ্জাল-বিষয়ক হাদীছগুলো পড়েছেন। সবগুলো হাদীছে স্পষ্ট ভাষায় ব্যক্ত করা হয়েছে যে, হযরত মাহ্‌দি ও হযরত ঈসা (আ.)-এর আগমনের উদ্দেশ্য যুদ্ধ। আবির্ভূত হয়ে তারা কাফেরদের বিরুদ্ধে মুজাহিদদের নেতৃত্বে দেবেন। এ-কারণে প্রত্যেক মুসলমানকে আপন-আপন ঈমানের ভাবনা ভাবা দরকার। নিজের ঈমানকে রক্ষা করার জন্য অন্তরে জিহাদের চেতনা ও শাহাদাতের আকাঙ্ক্ষা সৃষ্টি করে তার জন্য বাস্তব প্রস্তুতি গ্রহণ করা আবশ্যক। জিহাদের জন্য মহান আল্লাহ জিহাদি প্রশিক্ষণের আদেশ প্রদান করেছেন। কেউ যদি প্রশ্ন তোলে, হযরত মাহ্‌দির যুগ তো এখনও অনেক দূরে, আরও বিলম্বে প্রস্তুতি নিতে দোষ কী? এই প্রশ্নের উত্তরে আমি পবিত্র কুরআনের একটি আয়াত আপনাদের স্মরণ করিয়ে দিতে পারি।

আল্লাহ পাক বলেছেন :

لَوْ أَرَادُوا الْخُرُوجَ لَأَعَدُّوا لَهُ عُدَّةً

'তারা (মুনাফিকরা) যদি (জিহাদে) বের হওয়ার ইচ্ছা করত, তাহলে অবশ্যই তারা এ-কাজের জন্য যথাযথ প্রস্তুতি গ্রহণ করত।'[৬৪]

যেমনটি উপরে বলা হয়েছে যে, মুসলমানদেরকে ধোঁকা দিতে ইবলিসি শক্তিগুলোর মিথ্যা মাহ্‌দিকে জনসম্মুখে উপস্থাপন করতে পারে। কাজেই রাসূলে মাদানি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত মাহ্‌দির যেসব আলামত বর্ণনা করেছেন, সেগুলোকে সামনে রেখে ঘটনার বাস্তবতা বুঝবার চেষ্টা করতে হবে। এছাড়া আরও কিছু বিষয় আছে, যেগুলো অনুসরণ করে চললে দাজ্জালের ফেতনা থেকে রক্ষা পাওয়া সম্ভব হবে ইনশাআল্লাহ।

১. দাজ্জালের যুগে বাস্তবতা ততটা হবে না, যতটা চলবে গুজব ও অপপ্রচার। এই প্রোপাগাণ্ডা ছড়ানোর সবচেয়ে কার্যকর মাধ্যম হবে আধুনিক প্রচারমাধ্যম। যেমন– পত্রিকা, রেডিও, টিভি, টেলিফোন, মোবাইল ফোন ও ইন্টারনেট ইত্যাদি। কাজেই এই আধুনিক কমুনিকেশন ও অন্যান্য আধুনিক সুবিধাদি থেকে নিজেকে যথাসম্ভব মুক্ত রাখার চেষ্টা করতে হবে বরং এখন থেকেই এমন অভ্যাস গড়ে তুলুন যে, কাল যদি আপনি এসব প্রযুক্তি পরিত্যাগ করতে বাধ্য হন, তা হলে এসব পরিত্যাগ করতে যেন আপনাকে কোনো সমস্যায় নিপতিত হতে না হয়। কাজেই এসব আধুনিক প্রযুক্তির উপর নির্ভরশীলতা যত কমানো যায়, আপনার দুনিয়া ও আখেরাতের জন্য ততই কল্যাণকর প্রমাণিত হবে।

২. দাজ্জালি মিডিয়া যারা পড়ে ও শোনে, তারা সাধারণত নিজের মাথায় চিন্তা করে না। বরং ওসব মিডিয়ার সংবাদ, ছবি ও পর্যালোচনা-ই তাদের মন-মস্তিষ্কের

৬৪. *সূরা তাওবা ॥ আয়াত : ৪৬*

উপর পুরোপুরি ক্রিয়াশীল হয়ে থাকে। তাই ওসব প্রচারমাধ্যম থেকে যথাসম্ভব নিরাপদ থাকার চেষ্টা করতে হবে।

৩. এযুগে দাজ্জালি শক্তিগুলো ইসলাম ও ইসলামের অনুসারীদের বিরুদ্ধে এত বেশি প্রোপাগাণ্ডা চালিয়ে যাচ্ছে, যাতে এই অপপ্রচারের জোরে সত্য চাপা পড়ে থাকে। এজন্য পশ্চিম মিডিয়ার সূত্রে যদি আপনার কানে কোনো সংবাদ আসে, তা হলে পুরোপুরি নিশ্চিত না হওয়া পর্যন্ত সংবাদটি অন্যের কানে দেওয়া থেকে বিরত থাকবেন। এই পদ্ধতি অবলম্বনের মাধ্যমে আপনি দাজ্জালি শক্তিগুলোর অপপ্রচারের ক্রিয়া থেকে পুরোপুরি মুক্ত নাও যদি হতে পারেন, অন্তত তার শক্তি তো অবশ্যই দুর্বল করে দিতে সক্ষম হবেন।

পবিত্র কুরআন কাফেরদের এই প্রচেষ্টার কথা এভাবে বর্ণনা করেছে :

لَوْلَا إِذْ سَمِعْتُمُوهُ ظَنَّ الْمُؤْمِنُونَ وَالْمُؤْمِنَاتُ بِأَنْفُسِهِمْ خَيْرًا وَقَالُوا هَٰذَا إِفْكٌ مُبِينٌ

'তোমরা যখন সংবাদটি শুনেছ, তখন মুমিন পুরুষ ও মুমিন নারীরা নিজেদের ব্যাপারে সুধারণা করল না কেন? আর কেন একথা বলল না যে, এটি তো সুস্পষ্ট এক অপবাদ?'[৬৫]

অপর এক আয়াতে শোনা-সংবাদ পুরোপুরি নিশ্চিত না হয়ে মুখ থেকে বের করারও নিন্দাবাদ করা হয়েছে।

৪. যখন কোনো বিষয়কে দাজ্জালি শক্তিগুলোর পক্ষ থেকে সন্দিগ্ধ বানিয়ে দেওয়া হবে এবং বিষয়টি ঠিক, না ভুল সিদ্ধান্তে উপনীত হওয়া দুষ্কর হয়ে পড়বে, তখন আধুনিক বস্তুগত উপকরণের মাধ্যমে তথ্য জানার পরিবর্তে আল্লাহর প্রতি মনোনিবেশ করবেন। কেননা, পরিস্থিতিকে যারা দাজ্জালের চোখে দেখে আর যারা আল্লাহর নূরের সাহায্যে দেখে, উভয়ে সমান হতে পারে না।

যেমন– পবিত্র কুরআনে আল্লাহ পাক বলেছেন :

أَفَمَن شَرَحَ اللَّهُ صَدْرَهُ لِلْإِسْلَامِ فَهُوَ عَلَىٰ نُورٍ مِّن رَّبِّهِ

'আল্লাহ যার বক্ষকে ইসলামের জন্য উন্মুক্ত করে দিয়েছেন, সে তার রবের আলোর উপরই প্রতিষ্ঠিত। এই ব্যক্তি অন্যদের মতো হতে পারে না।'[৬৬]

বর্তমান যুগের একাধিক ঘটনা প্রমাণিত করে দিয়েছে, যাদের তথ্য জানার একমাত্র উপায় প্রচারমাধ্যম, তারা সত্যের সন্ধান পায় না। বরং তারা যেসব সংবাদ-বিশ্লেষণ পড়ে ও শোনে, তা-ই তাদের দৃষ্টিতে সত্যে পরিণত হয়ে যায়। এভাবে তারা আল্লাহর বাহিনীর পরিবর্তে ইবলিসের বাহিনীকে শক্তি জোগাচ্ছে।

৬৫. *সূরা নূর ॥ আয়াত : ১২*
৬৬. *সূরা যুমার ॥ আয়াত : ২২*

অনেক সময় শিক্ষিতজনদের বিশ্লেষণ এমন হয়ে থাকে যে, তাদের বিবেকের জন্য আক্ষেপ করা ব্যতীত কোনো উপায় থাকে না।

৫. হৃদয়ের স্ক্রিনটিকে ওয়াশ করে নিন। বিবেকবান মুসলমান ভাইয়েরা যখন পশ্চিমা মিডিয়ার স্বরূপ বুঝে ফেলবে এবং তাদের টিভি ও কম্পিউটারের স্ক্রিনের ঘটনাচিত্র মনে সংশয় তৈরি করতে শুরু করবে, তখন ডানে-বাঁয়ে না দেখে নিজের বক্ষে স্থাপিত ক্ষুদ্র স্ক্রিনটিকে ওয়াশ করে নেওয়াই অধিকতর উত্তম হবে। তারপর দেখবেন, পরিষ্কার হওয়ার পর এই ক্ষুদ্র স্ক্রিনটি আপনাকে এমন দৃশ্যাবলি দেখাতে শুরু করবে, যা আপনি গোটা জীবন আধুনিক-থেকে-আধুনিকতর প্রযুক্তি ব্যবহার করেও দেখতে পারতেন না। পবিত্র কুরআনে আল্লাহ পাক বলেছেন :

يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنْ تَتَّقُوا اللَّهَ يَجْعَلْ لَكُمْ فُرْقَانًا

'ওহে যারা ঈমান এনেছ, তোমরা যদি আল্লাহকে ভয় করে চল, তা হলে তিনি তোমাদেরকে 'ফুরকান' দান করবেন।'[৬৭]

এই 'ফুরকান'ই সেই স্ক্রিন, যার পর্দায় সাধারণ চোখে দেখা যায় না এমনসব বিষয়ও পরিদৃশ্য হতে শুরু করে। মালায়ে আ'লা তথা খোদায়ী শক্তির সঙ্গে বান্দার সম্পর্ক জুড়ে যায়, যেখানে জগতের ব্যবস্থাপনামূলক বিষয়াদি চূড়ান্ত হয় এবং আল্লাহর তাজাল্লি নিপতিত হয়। মহান আল্লাহর তার বান্দাদেরকে দূরদৃষ্টি দান করেন। অবশেষে বান্দার আল্লাহর নূর দ্বারা দেখতে শুরু করে।

৬. দাজ্জালের ফেতনা থেকে রক্ষা পেতে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সূরা কাহ্‌ফের প্রথম দিককার আয়াতগুলো পড়ার পরামর্শ দিয়েছেন। আপনি এই আয়াতগুলো মর্ম বুঝে পাঠ করুন। দেখতে পাবেন, এই আয়াতগুলোতে নিম্নবর্ণিত বিষয়গুলো আলোচিত হয়েছে।

(ক) আল্লাহর হাম্‌দ ও ছানার পর কুরআনুল কারীম সত্য নবীর উপর নাযিল হওয়া।

الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَنْزَلَ عَلَى عَبْدِهِ الْكِتَابَ

'সকল প্রশংসা সেই আল্লাহর, যিনি তাঁর বান্দার উপর কিতাব নাযিল করেছেন...'

(খ) আল্লাহর নাফরমান বান্দাদেরকে দুনিয়া ও আখেরাতে সংঘটিতব্য অতিশয় কঠিন ও কষ্টদায়ক শাস্তির ভয় দেখানো।

لِيُنْذِرَ بَأْسًا شَدِيدًا

'যাতে কঠিন শাস্তির ভয় দেখান।'

৬৭. *সূরা আনফাল ॥ আয়াত : ২৯*

(গ) সকল অবস্থায় আল্লাহর আনুগত্যকারীদেরকে অনন্ত জীবনের সুখ ও শান্তির সুসংবাদ।

وَيُبَشِّرَ الْمُؤْمِنِينَ الَّذِينَ

'আর তিনি মুমিনদেরকে সুসংবাদ শোনাবেন, যারা...।'

(ঘ) সেই লোকদেরও কঠিন পরিণতির ভয় দেখানো, যারা আল্লাহ পুত্রসন্তান গ্রহণ করেছেন বলে বিশ্বাস পোষণ করে।

وَيُنْذِرَ الَّذِينَ قَالُوا اتَّخَذَ اللَّهُ وَلَدًا

'আর ভয় দেখাবেন তাদেরকে, যারা বলে, আল্লাহ সন্তান গ্রহণ করেছেন।'

(ঙ) দুনিয়ার জাঁকজমককে ভঙ্গুর আখ্যায়িত করে দুনিয়াবিমুখতা ও তাক্‌ওয়া অবলম্বনের উপসাহদান।

وَإِنَّا لَجَاعِلُونَ مَا عَلَيْهَا صَعِيدًا جُرُزًا

'তার উপর যা কিছু আছে, তা অবশ্যই আমি উদ্ভিদশূন্য মাটিতে পরিণত করব।'

(চ) আসহাবে কাহ্‌ফের ঘটনা বর্ণনা করে তার চেয়েও বড় ঘটনা শোনার জন্য মস্তিষ্ককে প্রস্তুত করা।

أَمْ حَسِبْتَ أَنَّ أَصْحَابَ الْكَهْفِ وَالرَّقِيمِ كَانُوا مِنْ آيَاتِنَا عَجَبًا

'তুমি কি মনে কর, গুহা ও রাকীমের অধিবাসীরা আমার নির্দেশনাবলির মধ্যে বিস্ময়কর?'

(ছ) আসহাবে কাহ্‌ফের দু'আ :

رَبَّنَا آتِنَا مِنْ لَدُنْكَ رَحْمَةً وَهَيِّئْ لَنَا مِنْ أَمْرِنَا رَشَدًا

'হে আমাদের রব, তুমি নিজ থেকে আমাদেরকে অনুগ্রহ দান করো এবং আমাদের জন্য আমাদের কাজকর্ম সঠিকভাবে পরিচালনা করো।'

এই দু'আর মধ্যে সত্য সন্ধিগ্ধ হয়ে পড়লে তখন আল্লাহর সমীপে দুটি বস্তু প্রার্থনা করার শিক্ষা দেওয়া হয়েছে।

১. হে আমাদের রব, আপনি আপনার পক্ষ থেকে আমাদেরকে দৃঢ়তা দান করুন।

২. আমাদের বিষয় আশয়ে, যেমন– বাতিলের বিরোধিতা ও সত্যের অনুসরণ এসব কাজে আমাদেরকে নির্দেশনা প্রদান করুন।

এই আয়াতগুলো প্রতিদিন তিলাওয়াত করে এগুলোর মর্ম উপলব্ধি করে সে মোতাবেক আমল করুন। আয়াতগুলোকে মুখস্থ করে নিলে অনেক সুবিধা হবে।

৭. তাক্‌ওয়া অবলম্বন করুন। তাক্‌ওয়ার মূল হলো হালাল জীবিকা। তাই হারাম পরিহার করে চলুন। এমনকি সংশয়পূর্ণ বস্তু থেকেও দূরে থাকুন। বর্তমান যুগে তাক্‌ওয়া অবলম্বন করা খুবই জরুরি। নিজেকে সেইসব আমলের পাবন্দ বানিয়ে রাখুন, যার ফলে আল্লাহর রহমত বান্দাকে সব সময় আচ্ছাদন করে রাখে। যেমন– সব সময় অজু সহকারে থাকা, নামায শেষ করার পর কিছু সময় জায়নামাযে বসে থাকা, তাহাজ্জুদ পড়া, বিশেষ করে যেসব লোক দীনি কোনো কাজে দায়িত্বরত আছেন, তাদের জন্য তো তাহাজ্জুদ নামায খুবই জরুরি আমল।

৮. আল্লাহর সঙ্গে মজবুত সম্পর্ক গড়ার লক্ষ্যে নিয়মিত তরজমা ও তাফসীরের সঙ্গে পবিত্র কুরআন পাঠ করুন আর নিজের অন্তরকে আলোকিত রাখতে ও সত্যের কাফেলায় শামিল থাকতে সত্যাশ্রয়ী আলেমগণের সাহচর্য অবলম্বন করুন এবং সব সময় সত্যপন্থীদের পথ অনুসরণ করুন।

৯. দীনের চর্চায় মসজিদগুলোর ভূমিকাকে সক্রিয় করুন। বিশ্ব কুফরি প্রতিষ্ঠানগুলো এই প্রচেষ্টায় রত আছে যে, মুসলমানদের জীবন থেকে মসজিদের ভূমিকাকে নিঃশেষ করে দেওয়া হবে। এই লক্ষ্যেই তারা আলেমসমাজ ও ধার্মিক শ্রেণীর লোকদেরকে নানা পন্থায় বদনাম করার চেষ্টা চালাচ্ছে। এর মোকাবেলায় প্রতিটি মসজিদে কুরআনের দরস চালু করুন।

১০. যেমনটি উপরে বলা হয়েছে যে, হযরত মাহ্‌দির আমলে যা কিছু সংঘটিত হবে, পূর্ব থেকেই সেসবের আগাম প্রস্তুতি ঈমানের চিহ্ন বলে বিবেচিত হবে। যেমন– নিজেকে গরম ও ঠাণ্ডায় অভ্যস্ত বানানো, লাগাতার কয়েক দিন পর্যন্ত ক্ষুৎ-পিপাসা সহ্য করা, রাতে পাহাড়ে চলাচল করার সাহস ও প্রশিক্ষণ গ্রহণ করা, ঘোরতর যুদ্ধের প্রস্তুতি নেওয়া, পাহাড়ি জীবনের সঙ্গে নিজের স্বভাব-চরিত্রকে খাপ খাইয়ে নেওয়া, নিজের মধ্যেও এবং পরিবার-পরিজনকেও আল্লাহর পথে কুরবানি দেওয়ার লক্ষ্যে এখনই প্রস্তুত করতে থাকা ইত্যাদি।

কবি ইকবাল বলেছেন–

چو می گویم مسلمانم بلرزم
کہ دانم مشکلات لا الہ را

'আমি যখন বলি, আমি মুসলমান, তখন আমি শিউরে উঠি। কারণ, আমি জানি, লা ইলাহা ইল্লাল্লাহর দাবি পূরণ করা কত কঠিন।'

নাজুক পরিস্থিতি ও মুসলমানদের দায়িত্ব

হযরত মাহ্‌দি ও দাজ্জাল সম্পর্কিত হাদীছগুলো পড়া ও বুঝবার পর এখন এ-বিষয়টি অতি অনায়াসে বুঝে আসছে যে, এ-সময়ে পৃথিবীর মঞ্চে যা কিছু ঘটবে, এসব সত্য ও মিথ্যার চূড়ান্ত লড়াই। বর্তমানে ইবলিসের সমস্ত শ্রম ও শক্তি এই

কাজে নিয়োজিত আছে যে, সারা পৃথিবীতে তার রাজত্ব প্রতিষ্ঠিত হয়ে যাক, যাতে সে (তার ধারণামতে) মানবেতিহাসকে ধ্বংসাত্মক পরিণতি থেকে রক্ষা করতে পারে এবং আল্লাহর কাছে সপ্রমাণিত করে দেবে যে, তোমার সাধের বান্দারা তোমার দেওয়া দায়িত্ব পরিপালনে সফল হয়নি।

ইবলিসের এই মিশনে তার পুরনো বন্ধু, আল্লাহর শত্রু ও মানবতার দুশমন ইহুদিরা সকলের আগে-আগে রয়েছে। ইবলিসের সমস্ত চেলা-চামুন্ডা – চাই তারা জিনভুক্ত হোক কিংবা মনুষ্যভুক্ত – পরিপূর্ণরূপে তাদের সঙ্গ দিয়ে যাচ্ছে। এখন তারা স্পষ্ট ভাষায় বলতে শুরু করেছে, তাদের যুদ্ধ মিশন পরিপূর্ণ না হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে। লক্ষ্য অর্জিত না হওয়া পর্যন্ত তারা লড়ে যাবে।

'লক্ষ্য অর্জিত না হওয়া পর্যন্ত লড়ে যাব' এই বাক্যটি আমরা বুশ থেকে শুরু করে অন্যান্য কাফের নেতাদের মুখ থেকে বারবার শুনছি। আমি ঘুমন্ত মুসলমানদেরকে জিজ্ঞেস করছি, ওহে গাফলতের মরুভূমিতে পথহারা পথিকদল, ওহে বিপদ চোখের সামনে দেখার পরও চোখ বুজে পড়ে থাকা মানুষের দল, বলো তো, কাফেরদের সেই মিশনটি কী, যেটি এখনও সম্পন্ন হয়নি?

মিশন যদি তালেবানের পতন ছিল, তা হলে তারা তো ক্ষমতাচ্যুত হয়েছে।

মিশন যদি ইরাকের সামরিক শক্তি ধ্বংস করা ছিল, তা হলে তাও তো ধ্বংস হয়ে গেছে।

কিন্তু তারপরও এখনও তারা বলছে 'মিশন সম্পন্ন না হওয়া পর্যন্ত যুদ্ধ অব্যাহত থাকবে'।

এর অর্থ হলো, মিশন সম্মুখে অন্যকিছু।

কুফরের নেতারা সেই মিশনকে সম্পন্ন করতে চাচ্ছে।

আল্লাহর সৈনিকদের প্রত্যয়

কিন্তু দাজ্জালের কর্মীবাহিনী যেমন মিশন সম্পন্ন না হওয়া পর্যন্ত পিছপা হওয়ার ইচ্ছা রাখে না, তেমনি আল্লাহর মুজাহিদগণও আপন মিশনে পৌছানো পর্যন্ত ময়দানে অবিচল থাকবে। ইহুদিরা যে-দিনটির অপেক্ষা করছে যে, যখন তাদের খোদা দাজ্জাল আগমন করবে, তখন সারা বিশ্বে তাদের শাসন প্রতিষ্ঠিত হয়ে যাবে, সেই দিনটি প্রকৃতপক্ষে তাদের ধ্বংসের শেষ দিন হবে। সেদিন গাছ-পাথরও তাদেরকে আশ্রয় দিতে অস্বীকৃতি জানাবে।

আল্লাহর মিশনকে পূর্ণতায় পৌছানোর লক্ষ্যে ঈমানদারগণ সারা বিশ্বে আল্লাহর শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করছে। মিশন এক; কিন্তু অঙ্গন বিভিন্ন; যুদ্ধ একটি; কিন্তু ভূখণ্ড একাধিক। দুশমন এক; কিন্তু চেহারা ভিন্ন-ভিন্ন। তাঁরা জিহাদ করছে, করতে থাকবে এবং জয় কিংবা শাহাদাত পর্যন্ত লড়াই চালিয়ে যাবে। না

শত্রুর শক্তি তাদের প্রত্যয়-পরিকল্পনাকে দুর্বল করতে পারবে, না আপনদের বিশ্বাসঘাতকতা তাদের অগ্রযাত্রাকে অবদমিত করতে সক্ষম হবে।

এটি প্রতিজ্ঞা ও সাহসের সেই পাথর, যার সঙ্গে টক্কর লাগিয়ে রাশিয়ার লাল বাহিনী নিজেদের মাথা ফাটিয়ে ফেলেছে।

এটি চেতনা ও সাহসিকতার সেই ঝড়, যার থেকে বেরিয়ে আসা বজ্র দাজ্জালি শক্তির সামরিক ও অর্থনৈতিক গৌরবের নিদর্শনগুলোকে (ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ও পেন্টাগন) গুড়িয়ে দিয়েছে।

এটি আল্লাহর শত্রুদের একটি কর্মফল, যারা যখন শাস্তি দিতে মাঠে নামে, তখন তারা পারমাণবিক বোমার অপেক্ষা করে না; বরং নিজেদের দেহগুলোকে বোমা বানিয়ে আল্লাহর শত্রুদেরকে উড়িয়ে দেয়।

খোদায়ী মদদ যাদের চোখের সামনে ভাসমান থাকে, শত্রুর শক্তিতে তারা ভীত হয় কীভাবে?

জাতির পবিত্র আত্মাগুলো যাদের মাথায় হাত বোলায়, তারা হতাশ হয় কী করে?

সেই পাগলগুলো কী করে সাহস হারাতে পারে, যাদের মায়েরা তাদের শহীদি মৃত্যুর অপেক্ষায় প্রহর গোনে?

হ্যাঁ, এখন তো বোনরা তাদের ভাইদের শাহাদাতে আনন্দিত হতে শুরু করেছে। ভাইদের মিশনে বোনরা অংশ নিতে শুরু করেছে। এখন তো সেই যুবকদের সাহসিকতা আগের চেয়ে আরও উঁচু হয়ে গেছে যে, মুহাম্মাদে আরাবি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুসংবাদসমূহ কুড়ানোর সময় এসে পড়েছে। এই মুহূর্তে নানা সমস্যা, সংকট ও প্রতিকূলতা সত্ত্বেও মিশন সম্পন্ন করার লক্ষ্যে আল্লাহর সৈনিকগণ আফগানিস্তান, কাশ্মির, ফিলিস্তিন, ইরাক, ফিলিপাইন, ইন্ডিয়া ও অন্যান্য রণাঙ্গনে বুক টান করে দাঁড়িয়ে আছে।

তারা কাজের মাধ্যমে প্রতিজন ঈমানদারকে আহ্বান জানাচ্ছে, হে আত্মভোলা মুসলমানগণ, আসো, আমরা তোমাদেরকে সেই সুখ ও সৌন্দর্যের সন্ধান দিতে চাই, যার জন্য মানুষ রূপসী নববধূকে বাসরঘরে ফেলে ময়দানে ছুটে যায়।

ওহে দুনিয়ার নেশায় বুঁদ হয়ে থাকা আত্মহারা মুসলমানগণ, আসো, আমরা তোমাদেরকে এমন নেশা পান করাব, জান্নাতে গিয়েও তোমরা যার ক্রিয়া ভুলতে পারবে না।

ওহে, যারা নিজেদেরকে ব্যবসার মাঝে ডুবিয়ে রেখেছ, আসো, আমরা তোমাদের এমন ব্যবসার সন্ধান দেব, যার মাঝে লাভ ছাড়া লোকসান বলতে কিছু নেই।

ওহে মুসলমানদের শাসকগোষ্ঠী, তোমরা জিহাদের পথের পথিক হয়ে যাও; দেখবে, জগতের সকল রাজত্ব তোমাদের পায়ে এসে হুমড়ি খাবে।

ওহে মুহাম্মদে আরাবির উম্মতেরা, তোমরা ঈমান বাঁচাতে জীবন বিলিয়ে দাও। জীবনরক্ষার খাতিরে ঈমানকে বলি দিয়ো না। আল্লাহর সৈনিকদের সাহায্য দাও – যে যেভাবে পার। আর নিজেদেরও প্রস্তুত করো। কারণ, হযরত মাহ্‌দির সঙ্গী হওয়ার সৌভাগ্য তার কপালে জুটবে, যুদ্ধের সঙ্গে যার সম্পর্ক আছে নিজেদের কানগুলোকে ডেইজি কাটার ও কুজের গোলায় অভ্যস্ত বানিয়ে ফেলো, যাতে জাহান্নামের গোলা থেকে রক্ষা পেতে পার। এটি বিশেষ কোনো দলের বাহিনী নয়। এটি সব মুসলমানের বাহিনী। এদের সমর্থন ও সাহায্য করা কালেমা পাঠকারী প্রতিজন মানুষের উপর ফরজ।

এরা তোমাদেরই সন্তান। সকল ভেদাভেদ ভুলে, ব্যক্তি অহমিকার প্রাচীরকে চুরমার করে ঐক্যবদ্ধ হওয়ার সময় এসে পড়েছে।

ফেরেশতারা তোমাদের সাহায্যের জন্য প্রস্তুত দাঁড়িয়ে আছে।

হূরগুণ সেজে-গুজে তোমাদের পথপানে তাকিয়ে আছে।

যারা তোমাদের আগে শাহাদাতবরণ করেছে, তারা তোমাদের সুসংবাদ শোনাচ্ছে, আমাদের ভয়-চিন্তা সব দূর হয়ে গেছে; তোমরা আসো আমাদের পথে – বেছে নাও চির শান্তির সরল পথ।

দাজ্জালের ফেতনা ও মহিলাদের দায়িত্ব

মুসলমানদের ঘরগুলো ইসলামের সেই দুর্গ, যেগুলো কঠিন-থেকে-কঠিনতর সময়েও ইসলামি সভ্যতা, সংস্কৃতি ও মর্যাদাকে সুরক্ষিত রেখেছে। এমনকি এই দুর্গগুলো সেই সময়ও ইসলামকে হেফাযত করেছিল, যখন মুসলমান পুরুষদের বাহিনী প্রতিটি রণাঙ্গন থেকে একের-পর-এক পশ্চাৎপদতা অবলম্বন করে চলছিল।

যদি খেলাফতে ওছমানিয়ার পতনের (১৯২৩ সাল) পর থেকে এ-সময় পর্যন্তকার ইতিহাস অধ্যয়ন করা হয়, তা হলে স্পষ্ট প্রমাণিত হয় যে, ইসলামি সমাজব্যবস্থা ও সভ্যতা-সংস্কৃতির সংরক্ষণ আমাদের ঘরগুলোরই মাধ্যমে আঞ্জাম দেওয়া হয়েছে এবং এই ঘরগুলোই মুসলিম সমাজকে এ পর্যন্ত টিকিয়ে রেখেছে। বহু মুসলিম ভূখণ্ডে এমনও ঘটেছে যে, এই সর্বশেষ দুর্গটি ছাড়া মুসলমানদের কাছে আর কিছুই অবশিষ্ট থাকেনি। এমনকি মসজিদ-মাদরাসাগুলো পর্যন্ত কাফেরদের দখলে চলে গিয়েছিল। কিন্তু এই দুর্গগুলোতে অবস্থানরত ইসলামি বাহিনীগুলো সাহস হারায়নি এবং নিজ-নিজ রণাঙ্গনে দৃঢ়পদে টিকে রয়েছে।

ইসলামের এই দুর্গগুলোতে যে-বাহিনী আছে, তারা হলো মুসলিম নারীদের বাহিনী, যারা ইসলামের জন্য সেই মহান কীর্তি আঞ্জাম দিয়েছে, যা ইসলামবিরোধীদের হাজারসালা প্রচেষ্টার পর আজও অটুট রয়েছে। বর্তমানে মুসলিম জাতি যে-পরিস্থিতির মুখোমুখি দাঁড়িয়ে আছে, তা মানবেতিহাসের

সবচেয়ে ভয়াবহ পরিস্থিতি। কাজেই এই পরিস্থিতিতে মুসলিম মহিলাদের দায়িত্বও আগের চেয়ে বেড়ে গেছে। ঈমানদার মা ও বোনদেরকে এখন আগের তুলনায় বেশি চেতনা, সাহসিকতা ও পরিশ্রমের সঙ্গে আপন দায়িত্ব পালন করতে হবে।

ইসলামের শত্রুরা আপনার মোকাবেলায় একনাগাড়ে ৮০ বছর যাবত পরাজয় বরণ করে আসছে। এসব পরাজয় থেকে তারা এই ফলাফলে উপনীত হয়েছে যে, মোকাবেলা করে এই বাহিনীটির বিরুদ্ধে জয়ী হওয়া যাবে না – আমাদেরকে অন্য কৌশল অবলম্বন করতে হবে। এবার তারা যে-কৌশলটি অবলম্বন করেছে, তা হলো, মুসলমানদের ঘরগুলোতে যে-ইসলামি বাহিনীটি অবস্থান নিয়ে আছে, তাদেরকে তাদের দায়িত্ব ও কর্তব্য থেকে উদাসীন করে দিতে হবে। এই কৌশলটি বাস্তবায়নের লক্ষ্যে অনেকগুলো মনোমুগ্ধকর স্লোগান নিয়ে দরদী বন্ধুর রূপ ধারণ করে তারা আপনার সামনে এসে হাজির হয়েছে।

কাজেই আমার মা ও বোনেরা! সময়ের নাজুকতা ও শত্রুপক্ষের ধোঁকা-প্রতারণা উপলব্ধি করে আপনাদেরকে তাদের মোকাবেলা করতে হবে। আপন দায়িত্ব-কর্তব্য থেকে উদাসীন হবেন না। মুসলমান পুরুষদের বাহিনী, যারা আপন দায়িত্ব থেকে গা বাঁচানোর চেষ্টা করছে, যারা মানসিকভাবে পরাজয়ের শিকার হয়ে আছে, হতাশার কালো মেঘ যাদের চারপাশ ঘিরে রেখেছে, আপনারা মহিলাদেরকে আল্লাহপাক এই যোগ্যতা দান করেছেন যে, আপনারা পলায়মান এই বাহিনীটিকে সম্মুখপানে এগিয়ে যাওয়ার সাহস জোগাতে পারেন, তাদের অবশ বাহুগুলোতে বিদ্যুৎ সঞ্চারিত করে দিতে পারেন, ভীত-সন্ত্রস্ত পুরুষদের মাঝে আত্মপরিচয় ও আত্মমর্যাদাবোধ জাগিয়ে তাদেরকে কর্তব্য পালনের উপযোগী বানিয়ে তুলতে পারেন।

মহান আল্লাহ আপনাদেরকে সত্তাগতভাবেই একটি সংগঠন হিসেবে সৃষ্টি করেছেন। একজন নারী মানেই একটি সংগঠন। এ-কারণে দাজ্জালের ফেতনার বিরুদ্ধে আপনারা অনেক বেশি কাজ করতে পারেন।

সন্তানদেরকে খাঁটি মুসলমান বানানো এবং তাদেরকে সর্বাবস্থায় ইসলামি নীতি-আদর্শের প্রহরী হিসেবে গড়ে তোলা মহিলাদেরই দায়িত্ব। সন্তানদের মন-মস্তিষ্ককে শৈশব থেকেই একথাটি বসিয়ে দিতে হবে যে, তার ঈমান জগতের প্রতিটি বস্তুর চেয়ে বেশি মূল্যবান। কাজেই ঈমানকে বাঁচিয়ে রাখতে যদি সমগ্র পৃথিবীকেও কুরবান করে দিতে হয়, তা হলে অকুণ্ঠচিত্তে তা করতে হবে। তবুও ঈমানের গায়ে আঁচড়টিও লাগতে দেওয়া যাবে না।

عَنْ عِمْرَانَ بْنِ سُلَيْمٍ الْكَلَاعِيِّ قَالَ مَا عَدَتْ إِمْرَأَةٌ فِيْ رَبْعَتِهَا بِأَفْضَلَ لَهَا مِنْ مِيْضَأَةٍ وَنَعْلَيْنِ وَيْلٌ لِلْمُسَمَّنَاتِ وَطُوْبٰى لِلْفُقَرَاءِ اَلْبِسُوْا نِسَائَكُمُ الْخِفَافَ الْمُنَعَّلَةَ وَعَلِّمُوْهُنَّ الْمَشْيَ فِيْ بُيُوْتِهِنَّ إِنَّهُ يُوْشِكُ أَنْ يُخْرَجْنَ إِلٰى ذَالِكَ

হযরত ইমরান ইবনে সুলাইম কালায়ী থেকে বর্ণিত, তিনি বলেছেন, একজন নারীর নিজ গৃহের মাঝে ছুটে বেড়ানো তার জন্য লোটা ও জুতাজোড়া অপেক্ষা উত্তম। স্থূলকায়া নারীদের জন্য ধ্বংস অবধারিত। সুসংবাদ গরিব মহিলাদের জন্য। তোমরা তোমাদের নারীদেরকে সোলওয়ালা শক্ত জুতা পরিধান করাও আর তাদেরকে তাদের ঘরের মাঝে হাঁটা-চলা করার প্রশিক্ষণ দাও। কারণ, অদূর ভবিষ্যতে তারা এ-কাজটি করতে বাধ্য হতে পারে।[৬৮]

এই বর্ণনায় বলা হয়েছে, মুসলিম নারীদেরকে আরামপ্রিয় না হওয়া উচিত। বরং তাদেরকে সোলওয়ালা শক্ত জুতা পরিধান করে নিজঘরে হাঁটা-চলা করে জীবন অতিবাহিত করায় অভ্যস্ত হতে হবে, যাতে শরীরটা ক্ষীণ থাকে। কারণ, তাদের জীবনে এমন পরিস্থিতি আগমন করতে পারে যে, তখন নিজের সম্ভ্রম ও ঈমান বাঁচানোর তাগিদে তাদেরকে পাহাড়-বিয়াবানে পায়ে হেঁটে সফর করতে হবে। যেমনটি আফগানিস্তান, ইরাক, ফিলিস্তিন ও কাশ্মির প্রভৃতি দেশে ঘটেছে।

এই বর্ণনা অনুযায়ী আমল করার পাশাপাশি বিগত আলোচনাগুলোতে যা কিছু পাঠ করেছেন, সে মোতাবেক নিজেও আমল করুন এবং গোটা পরিবার ও বংশের লোকদের মাঝে যথারীতি অভিযান পরিচালনা করুন। দাজ্জালের মহা ফেতনার ভয়াবহতা সম্পর্কে নিজেও সজাগ-সচেতন থাকুন, অন্যদেরও সচেতন করে তুলুন।

আমি আপনাদের দোহাই দিচ্ছি ইরাকের অসহায় মায়েদের, ফিলিস্তিনের সেই বোনদের, যাদের হাতের মেহেদি শুকানোর আগেই তাদের সোহাগ উজাড় করে দেওয়া হয়েছে।

আমি আপনাদের দোহাই দিচ্ছি, কাশ্মির ও আফগানিস্তানের সেই কন্যাদের, যারা জীবনের প্রতিটি পলক ও প্রতিটি মুহূর্ত বিহ্বলতার মধ্য দিয়ে অতিক্রম করে থাকে।

আমি আপনাদের দোহাই দিচ্ছি সেই নিষ্পাপ শিশুদের, যারা খোলা আকাশের নিচে মা!-মা! করে চিৎকার করছে; কিন্তু তাদের মায়েদেরকে ইসলামের শত্রুরা ছিনিয়ে নিয়ে গেছে।

আপনারা নারীরা মায়াশীল হয়ে থাকেন। আপনাদের মাঝে ঈছার (নিজের উপর অন্যকে প্রাধান্য দেওয়ার গুণ) ও কুরবানির জযবা পুরুষদের তুলনায় খানিক বেশি থাকে। তাই ইরাকের মা-বোন, ফিলিস্তিনের শিশু ও কাশ্মির-আফগানিস্তানের কন্যাদের স্মরণে আপনাদের শিউরে ওঠা দরকার যে, না জানি এই বিপদ কবে কার মাথার উপর এসে হাজির হয়!

মহান আল্লাহ সমস্ত মুসলিম মা-বোনদেরকে হেফাজত করুন।

---

৬৮. *আল-ফিতান ॥ খণ্ড : ২, পৃষ্ঠা : ৪৫১*

ইসলাম আপনার কাছে আপনার শক্তির চেয়ে বেশি কুরবানি চায় না। কাজেই আপনার সাধ্যে যতটুকু কুলোয় সর্বাবস্থায় আপনাকে ততটুকু করে যেতে হবে। আপনাকে পূর্ণ দায়িত্বশীলতার সঙ্গে আপনার জিম্মাদারি পালন করে যেতে হবে। ঈমানের মতো মহামূল্যবান সম্পদটিকে কোনো কুরবানি ছাড়া বাঁচানো যায় না। বরং এর জন্য প্রত্যেক ঈমানদারকে সেইসব পরিস্থিতির মুখোমুখি হতে হবে, প্রথম যুগের মুসলমানদেরকে যার সম্মুখীন হতে হয়েছিল।

জানি, এই চরিত্র অবলম্বন করতে অনেক কষ্ট স্বীকার করতে হবে। মনের উপর প্রবল চাপ তৈরি করতে হবে। কিন্তু মনে রাখবে, এ-যুগে যারা সেই যুগের মতো দুর্দশা বরণ করে নিয়ে সত্যের উপর অবিচল থাকবে, তাদের জন্য নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফযীলতও তত বেশি ঘোষণা করেছেন।

কাজেই মনটাকে শক্ত করার জন্য, দায়িত্ব পালনে নিজেকে প্রস্তুত করার জন্য, মনকে সান্ত্বনা দেওয়ার জন্য প্রত্যেক ঈমানদারকে জিহাদের ফযীলত, মুজাহিদের পুরস্কার ও শহীদের মর্যাদাবিষয়ক আয়াত ও হাদীছসমূহ অধ্যয়ন করতে হবে, যাতে মন থেকে শয়তানের কুমন্ত্রণা দূর হয়ে যায় এবং আল্লাহর ওয়াদাসমূহের বিশ্বাস স্থাপিত হয় যে, দাজ্জাল যতই শক্তিশালী হোক-না কেন, সত্যের অনুসারীদেরকে সত্যের পথ থেকে হটাতে সক্ষম হবে না। বাতিল যতই সমারোহ করে আত্মপ্রকাশ করুক-না কেন, সব সময় বাতিলই থাকবে এবং সত্য যতই সহায়হীন পরিদৃশ্য হোক-না কেন, বিজয় তারই হবে।

এই পুস্তকে যা কিছু বর্ণনা করা হলো, এটি এক 'গরিবে'র হৃদয়ের বেদনা, যাকে আপনাদের সম্মুখে বের করে রাখা হলো।

এটি সমস্ত 'গরিবের' জীবনের সাকুল্য পুঁজি।

ভাঙা-চোরা এই শব্দগুলো হৃদয়ের সেই আর্তি, সেই হেঁচকি, যা যুদ্ধপ্রিয় যুবকদেরকে 'গরিব' বানিয়ে দিয়েছে।

এগুলো সেই অশ্রু, যা কলমের পথে শুধু এজন্য নির্গত হয়েছে যে, হয়ত জাতির কঠিন হৃদয়গুলোকে গলাতে সক্ষম হবে। হয়তবা এই বেদনা প্রতিটি অন্তরে ঢুকে যাবে এবং প্রতিজন মুসলমান সময়ের নাজুকতা উপলব্ধি করে সম্বিৎ ফিরে পাবে যে, আমাদের সজাগ হওয়ার সময় এসেছে।

আল্লাহ রাব্বুল ইয্‌যাত সকল মুসলমানকে আপন-আপন দায়িত্ব পালন করার তাওফীক দান করুন। সবাইকে দাজ্জালের মহা ফেতনা থেকে নিরাপদ রাখুন এবং আমাদের প্রত্যেককে সত্যের সঙ্গে আঁকড়ে থাকার তাওফীক দান করুন। আমীন।

॥ সমাপ্ত ॥

॥ সমাপ্ত ॥